গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
সাধারণ শাখা
www.munshiganj.gov.bd

## মার্চ ২০২২ মাসের জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | কাজী নাহিদ রসুল<br>জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ |
| সভার তারিখ | : | ১৭ এপ্রিল ২০২২ |
| সময় | : | সকাল ১০:০০ টা |
| স্থান | : | জুম অনলাইন প্লাটফর্ম (আইডি ৬০২২৩৮৩৭৬৮) |

সভাপতি জুম অনলাইন প্লাটফর্মে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মুন্সীগঞ্জ বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে সেটি অনুমোদিত হয়। অতঃপর সভায় বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | বিভাগ ভিত্তিক আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | জেলা পরিষদ, মুন্সীগঞ্জ: প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মুন্সীগঞ্জ সভায় জানান, ২০২১-২২ অর্থবছরে জেলা পরিষদের নিজস্ব তহবিল (রাজস্ব তহবিল) থেকে মোট গৃহীত প্রকল্পের সংখ্যা- ১৫০ টি যার প্রাক্কলিত মূল্য- ০৫,৫৬,২৫,০০০ ( পাঁচ কোটি ছাপান্ন লক্ষ পঁচিশ হাজার) টাকা। তন্মধ্যে টেন্ডারের মাধ্যমে গৃহীত প্রকল্পের সংখ্যা- ৩৫ টি যার প্রাক্কলিত মূল্য- ৩,৫১,৫৫,০০০ ( তিন কোটি একান্ন লক্ষ পঞ্চান্ন হাজার) টাকা। সমাপ্ত প্রকল্পের সংখ্যা ০০ টি ও চলমান প্রকল্পের সংখ্যা ৩৫ । প্রকল্পসমূহের টেন্ডার প্রক্রিয়াধীন রয়েছে। Community Participation Project Committee (CPPC) এর মাধ্যমে গৃহীত প্রকল্পের সংখ্যা- ১১৫ টি যার প্রাক্কলিত মূল্য- ২,০৪,৭০,০০০ ( দুই কোটি চার লক্ষ সত্তর হাজার) টাকা । সমাপ্ত প্রকল্পের সংখ্যা ০২ টি ও চলমান প্রকল্পের সংখ্যা ১১৩ টি এবং প্রকল্পের সার্বিক অগ্রগতি ৩০% । | ১। কাজের গুণগত মান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে চলমান প্রকল্পের কাজ সম্পন্ন করতে হবে।<br><br>২। কাজের গুণগত মান নিশ্চিত হয়ে ঠিকাদারকে বিল পরিশোধ করতে হবে। | ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মুন্সীগঞ্জ |

| উপজেলার নাম | টেন্ডারের মাধ্যমে গৃহীত প্রকল্প | | | (CPPC) এর মাধ্যমে গৃহীত প্রকল্প | | |
|---|---|---|---|---|---|---|
| | সংখ্যা | সমাপ্তের সংখ্যা | চলমান প্রকল্পের সংখ্যা | সংখ্যা | সমাপ্তের সংখ্যা | চলমান প্রকল্পের সংখ্যা |
| মুন্সীগঞ্জ সদর | ০৯ | ০০ | ০৯ | ৪৪ | ০২ | ৪৪ |
| গজারিয়া | ০৫ | ০০ | ০৫ | ১৫ | ০০ | ১২ |
| টংগীবাড়ি | ০৩ | ০০ | ০২ | ১২ | ০০ | ১২ |
| লৌহজং | ০৫ | ০০ | ০৪ | ১২ | ০০ | ১২ |
| সিরাজদিখান | ০৬ | ০০ | ০৬ | ১১ | ০০ | ১১ |
| শ্রীনগর | ০৭ | ০০ | ০৭ | ১৯ | ০০ | ১৯ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| মোট | ৩৫ | ০০ | ৩৫ | ১১৫ | ০২ | ১১৩ |

২০২১-২২ বার্ষিক উন্নয়ন তহবিল (সাধারণ) থেকে মোট গৃহীত প্রকল্পের সংখ্যা- ৯১ টি যার প্রাক্কলিত মূল্য ৩,৫০, ০০,০০০ (তিন কোটি পঞ্চাশ লক্ষ) টাকা। তন্মধ্যে টেন্ডারের মাধ্যমে গৃহীত প্রকল্পের সংখ্যা- ২৬ টি যার প্রাক্কলিত মূল্য- ২,৩৬,৮৪,০০০ ( দুই কোটি ছত্রিশ লক্ষ চুরাশি হাজার) টাকা। সমাপ্ত প্রকল্পের সংখ্যা ০০ টি ও চলমান প্রকল্পের সংখ্যা ২৬ টি । প্রকল্পসমূহের টেন্ডার আহবান প্রক্রিয়াধীন রয়েছে। Community Participation Project Committee (CPPC) এর মাধ্যমে গৃহীত প্রকল্পের সংখ্যা- ৬৫ টি যার প্রাক্কলিত মূল্য ১,১৩,১৬,০০০ (এক কোটি তের লক্ষ ষোল হাজার) টাকা। সমাপ্ত প্রকল্পের সংখ্যা ০০ টি ও চলমান প্রকল্পের সংখ্যা ৬৫ টি এবং প্রকল্পসমূহের সার্বিক অগ্রগতি ২৫%।

| উপজেলার নাম | টেন্ডারের মাধ্যমে গৃহীত প্রকল্প | | | (CPPC) এর মাধ্যমে গৃহীত প্রকল্প | | |
|---|---|---|---|---|---|---|
| | সংখ্যা | সমাপ্তের সংখ্যা | চলমান প্রকল্পের সংখ্যা | সংখ্যা | সমাপ্তের সংখ্যা | চলমান প্রকল্পের সংখ্যা |
| মুন্সীগঞ্জ সদর | ০৫ | ০০ | ০৫ | ২৫ | ০০ | ২৫ |
| গজারিয়া | ০২ | ০০ | ০২ | ১১ | ০০ | ১১ |
| টংগীবাড়ি | ০৩ | ০০ | ০৩ | ১১ | ০০ | ১১ |
| লৌহজং | ০২ | ০০ | ০২ | ০৫ | ০০ | ০৫ |
| সিরাজদিখান | ০৪ | ০০ | ০৪ | ০৮ | ০০ | ০৮ |
| শ্রীনগর | ০৯ | ০০ | ০৯ | ০৯ | ০০ | ০৯ |
| মোট | ২৬ | ০০ | ২৬ | ৬৫ | ০০ | ৬৫ |

এছাড়াও তিনি জানান, গৃহীত প্রকল্পসমূহের নাম, বরাদ্দকৃত টাকার পরিমাণ, সমাপ্তির তারিখসহ প্রয়োজনীয় তথ্যাদি জেলা পরিষদ, মুন্সীগঞ্জ এর ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। সভাপতি চলমান প্রকল্পসমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়াও তিনি কাজের গুণগত মান নিশ্চিত হয়ে ঠিকাদারকে বিল পরিশোধ করার অনুরোধ জানান।

| | | | |
|---|---|---|---|
| ০২ | উপ-পরিচালক, স্থানীয় সরকার: উপ-পরিচালক, স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ জানান, এলজিএসপি-৩ : ২০২১-২০২২ অর্থ বছরের কোন বরাদ্দ পাওয়া যায় নাই। চলতি মাসে ২০২০-২০২১ অর্থ বছরের ৫৪ টি স্কিমের বিল প্রদান করা হয়েছে যার মোট বরাদ্দ ছিল ৬৫,৩৭,১৮৭/- টাকা। ১৩৪ টি স্কিমের কাজ চলমান রয়েছে যা দ্রুত সমাপ্ত হবে। এলজিএসপি-৩ এর এমআইএস সিস্টিমে স্কিম এন্ট্রি সম্পন্ন হওয়ার পর সকল স্কিমের বিল প্রদান করা হয়। ইউপি উন্নয়ন সহায়তা তহবিলঃ ২০২১-২০২২ অর্থ বছরের মুন্সীগঞ্জ জেলায় ৬৮ ইউপির অনুকূলে মোট ২০৭৪৮৬০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দের আলোকে ১৪৫ টি প্রকল্প গ্রহণ করা হয়। স্কিম সমূহের প্রাক্কলন কার্যক্রম চলমান রয়েছে। স্থানীয় সরকার মন্ত্রনালয়ের ওয়েবসাইটের এমআইএস সিস্টিমে স্কিম এন্ট্রি সম্পন্ন হওয়ার পর সকল স্কিমের | ১। উপজেলা, ইউনিয়ন পরিষদ ও পৌরসভার উন্নয়নমূলক কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে।<br>২। নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ সম্পন্ন করতে হবে।<br>৩। কাজের গুণগত মান নিশ্চিত হয়ে ঠিকাদারকে বিল পরিশোধ করতে হবে। | ১। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| | বিল প্রদান করার ব্যাপারে নির্দেশনা প্রদান করা হয়েছে। ইউজিডিপি (UGDP) এর কার্যক্রম সংক্রান্তঃ ২০২১-২০২২ অর্থ বছরের কোন বরাদ্দ পাওয়া যায় নাই। তবে পূর্ববর্তী ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থ বছরের অবাস্তবায়িত কাজ চলমান রয়েছে। ইউআইসিডিপি(UICDP) এর কার্যক্রম সংক্রান্তঃ মার্চ ২০২২-এ পূববর্তী মাসের প্রশিক্ষণ এর আলোকে আগামী তিন মাসের (এপ্রিল, মে,জুন) কর্ম পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। উক্ত তিনমাসে (এপ্রিল, মে, জুন) উপজেলাসমূহ তাদের APA 2022-23 (বার্ষিক কর্ম পরিকল্পনা) পুস্তক আকারে প্রস্তুত করবেন। APA 2022-23 (বার্ষিক কর্ম পরিকল্পনা) ১লা জুলাই ২০২২ থেকে পরবর্তী ১ বছর এর জন্য প্রযোজ্য হবে। সভাপতি উপজেলা, ইউনিয়ন পরিষদ ও পৌরসভার উন্নয়নমূলক কার্যক্রম নিয়মিত তদারকির অনুরোধ জানান। এছাড়াও তিনি নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ সম্পন্ন করা এবং কাজের গুণগত মান নিশ্চিত হয়ে ঠিকাদারকে বিল পরিশোধ করার অনুরোধ জানান। | | |
| ০৩ | মুন্সীগঞ্জ পৌরসভাঃ মেয়র, মুন্সীগঞ্জ পৌরসভা এর প্রতিনিধি জানান, মুন্সীগঞ্জ পৌরসভার ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি, বিশেষ বরাদ্দ ও রাজস্ব তহবিলের আওতায় ৩২ টি প্রকল্প কাজের টেন্ডার আহবান করা হয়েছে যার প্রাক্কলিত মূল্য ২,১১,০৪,৫৮০/- টাকা। ৩২ টি প্রকল্পের কার্যাদেশ প্রদান করা হয়েছে। তন্মধ্যে ২৬ টি প্রকল্পের কাজ ১০০% সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট প্রকল্পসমূহের কাজ চলমান আছে। গুরুত্বপূর্ণ নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প (ফেজ-২) এর আওতায় ১০টি প্যাকেজের মোট প্রাক্কলিত ব্যয় ৮,৩২,৯৫,০১৩/- টাকা। উক্ত দরপত্র সমূহের কার্যাদেশ প্রদান করা হয়েছে। প্রকল্পের অগ্রগতির হার ৮৫%। এছাড়াও তিনি জানান, গ্রীন হাউজ গ্যাস নিঃসরণ কমানোর লক্ষ্যে ১,৫০,০০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া যায়। যার মাধ্যমে ১১২ টি সোলার প্যানেল তৈরির কাজ করা হবে। ইতোমধ্যে ৫৬ টি সোলার প্যানেল তৈরির কাজ সম্পন্ন করা হয়েছে। প্রকল্পের অগ্রগতি ৫০%। সভাপতি ঈদ উল ফিতর উপলক্ষ্যে শহর পরিস্কার পরিচ্ছন্ন রাখা এবং নিজস্ব ব্যবস্থাপনায় শহর যানজট মুক্ত রাখার উদ্যোগ গ্রহণের অনুরোধ জানান। সভাপতি গুণগতমান রজায় রেখে সঠিক সময়ে প্রকল্পের কাজ সমাপ্ত করার পাশাপাশি কাজের গুণগত মান নিশ্চিত হয়ে ঠিকাদারকে বিল পরিশোধ করার অনুরোধ জানান। এছাড়াও তিনি মুন্সীগঞ্জ পৌরসভার রাস্তাঘাটসমূহ নিয়মিত পরিস্কার পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | ১। গুণগতমান রজায় রেখে সঠিক সময়ে প্রকল্পের কাজ সমাপ্ত করতে হবে।<br>২। কাজের গুণগত মান নিশ্চিত হয়ে ঠিকাদারকে বিল পরিশোধ করতে হবে।<br>৩। ঈদ উল ফিতর উপলক্ষ্যে শহর পরিস্কার পরিচ্ছন্ন রাখা এবং নিজস্ব ব্যবস্থাপনায় শহর যানজট মুক্ত রাখার উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। উপপরিচালক, স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ<br>২। মেয়র, মুন্সীগঞ্জ পৌরসভা |
| ০৪ | মিরকাদিম পৌরসভাঃ মেয়র, মিরকাদিম পৌরসভা জানান, মিরকাদিম পৌরসভা কর্তৃক ২০২১-২০২২ অর্থবছরে উন্নয়ন সহায়তা তহবিল হতে ১০ টি স্কীমের দরপত্র আহ্বানের করা হয়েছে। নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ০৯ (নয়) টি স্কীমের কার্যাদেশ প্রদান করা হয়েছে। যার সর্বমোট চুক্তিমূল্য ৫,৫৭,২৮,৯৮৩/- (পাঁচ কোটি সাতান্ন লক্ষ লক্ষ আটাশ হাজার নয়শত তিরাশি) টাকা। কাজের গড় অগ্রগতি ৮৫%। এই প্রকল্পের আওতায় নতুন ০৩ টি স্কীম বাস্তবায়নের জন্য প্রাপ্ত দরপত্রসমূহের মূল্যায়ণ সম্পন্ন করে অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করা হয়েছে। "গুরুত্বপূর্ণ নগর অবকাঠামো উন্নয়ন" শীর্ষক প্রকল্প হতে ১১ (এগার) টি স্কীম গ্রহণ করা হয়েছে, যার সর্বমোট প্রাক্কলিত মূল্য ১৩,৮৫,০৪,৭১৯/- (তের কোটি পঁচাশি লক্ষ চার হাজার সাতশত উনিশ) টাকা। যার মধ্যে ০৮ (আট) টি স্কীমের অগ্রগতি ১০০%। অবশিষ্ট ০৩ (তিন) টি স্কীমের অগ্রগতি ৭০%। এছাড়াও তিনি রিকাবীবাজার খাল পুনরুদ্ধারের জন্য জেলা প্রশাসক মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতি উন্নয়নমূলক প্রকল্পসমূহের কাজের গুণগত মান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার অনুরোধ জানান। এছাড়াও তিনি গৃহীত প্রকল্পসমূহের বিস্তারিত তথ্যাদি পরবর্তী সভায় উপস্থাপনের জন্য অনুরোধ | ১। উন্নয়নমূলক প্রকল্পসমূহের কাজের গুণগত মান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>২। গৃহীত প্রকল্পসমূহের বিস্তারিত তথ্যাদি প্রেরণ করতে হবে।<br>৩। গৃহীত প্রকল্পসমূহের নাম, বরাদ্দকৃত টাকার পরিমাণ, সমাপ্তির তারিখসহ প্রয়োজনীয় তথ্যাদি ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | ১। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ<br>২। মেয়র, মিরকাদিম পৌরসভা, মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| | জানান। | | |
| ০৫ | স্বাস্থ্য বিভাগঃ সিভিল সার্জন, মুন্সীগঞ্জ জানান, মার্চ ২০২২ মাসে কমিউনিটি ক্লিনিকে সর্বমোট সেবা প্রাপ্ত রোগীর সংখ্যা ১,০৯,৩২১ জন। হাসপাতালের শয্যা সংখ্যা ৩৫০ টি, ইনডোরে ভর্তিকৃত সেবা প্রাপ্ত রোগীর সংখ্যা ৩৩৯৬ জন। জেনারেল হাসপাতালে বেড অকুপেন্সির হার ৯৫%, উপজেলা হাসপাতালে বেড অকুপেন্সির হার ৮৫% । মোট চালুকৃত কমিউনিটি ক্লিনিক ১১৭ টি। গর্ভকালীন সেবা প্রাপ্ত মহিলার সংখ্যা ৩২২৪ জন। প্রসবোত্তর সেবা প্রাপ্ত রোগীর সংখ্যা ২১১৭ জন। প্রতিষ্ঠানে স্বাভাবিক প্রসব ৭৭৩ জন। প্রতিষ্ঠানে সিজারিয়ান অপারেশন ১৩৪৭ জন। কমিউনিটি ক্লিনিকে স্বাভাবিক প্রসব ১০৮৮ জন। মাতৃ মৃত্যু ০ জন, শিশু মৃত্যু ০৩ জন। মোট ডায়রিয়ায় আক্রান্তের সংখ্যা ৪২১১। এছাড়াও তিনি জানান, করোনার ভ্যাক্সিনেশন কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। সভাপতি ১০ বেড আইসিউ বাস্তবায়নে জনবলজনিত সমস্যা থাকলে তা উদ্বোধনের পূর্বেই সমাধানের অনুরোধ জানান। এছাড়াও তিনি স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোতে সেবা নিশ্চিত করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | ১। কমিউনিটি ক্লিনিকগুলোতে সেবার মান বাড়াতে উপজেলা নির্বাহী অফিসারবৃন্দ নিয়মিত পরিদর্শন করবেন।<br>২। স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোতে সেবা নিশ্চিত করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। ১০ বেড আইসিউ বাস্তবায়নে জনবলজনিত সমস্যা থাকলে তা উদ্বোধনের পূর্বেই সমাধান করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। সিভিল সার্জন, মুন্সীগঞ্জ<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ<br>৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল), মুন্সীগঞ্জ |
| ০৬ | পরিবার-পরিকল্পনা অধিদপ্তরঃ উপ-পরিচালক, পরিবার-পরিকল্পনা অধিদপ্তর, মুন্সীগঞ্জ এর প্রতিনিধি সভায় জানান, বিবেচ্য মাসে পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন অত্র জেলার ৫৫ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের মধ্যে বর্তমানে ২০ টি কেন্দ্রে ২৪ ঘন্টা স্বাভাবিক প্রসব সেবা কার্যক্রম চালু আছে। মা ও শিশু কল্যাণ কেন্দ্র ও অন্যান্য উপজেলার সদর ক্লিনিক সহ সকল কেন্দ্রে মার্চ ২০২২ মাসে ১০২০ জনকে প্রসব সেবা প্রদান করা হয়েছে। তন্মধ্যে প্রশিক্ষণ প্রাপ্ত কর্মী দ্বারা ১১২ জন, স্বাভাবিক/ হাসপাতাল ২৬০ জন ও সিজারিয়ান ৬৪৮ জন মোট ১০২০ জন জীবিত শিশু জন্মগ্রহণ করেছে। মুন্সীগঞ্জ জেলার মার্চ ২০২২ মাসে স্থায়ী পদ্ধতি পুরুষ-০ জন, মহিলা-৫৩ জন, আইইউডি-৭৬ জন, ইমপ্ল্যান্ট-১০৪ জন, জেডেল-১৩৯ জন, গর্ভবতী পরিচর্যা -৩৩৩৯ জন, প্রসবোত্তর সেবা-১১২৭ জন ও শিশু সেবা-(০-৫) বছর পর্যন্ত ১৪৭৩৪ জনকে সেবা প্রদান করা হয়েছে। করোনাকালে স্বাস্থ্যসেবা যাতে বিঘ্নিত না হয় সে বিষয়ে লক্ষ্য রাখা হচ্ছে। সভাপতি স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোতে সেবা নিশ্চিত করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | ১। মা ও শিশু মৃত্যু হার কমাতে প্রয়োজনীয় সেবা প্রদান নিশ্চিত করতে হবে।<br>২। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর এবং উপজেলা নির্বাহী অফিসারবৃন্দ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলো নিয়মিত তদারকি ও পরিদর্শন করবেন।<br>৩। স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোতে সেবা নিশ্চিত করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। সিভিল সার্জন, মুন্সীগঞ্জ<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ<br>৩। উপ-পরিচালক, পরিবার-পরিকল্পনা অধিদপ্তর, মুন্সীগঞ্জ |
| ০৭ | ঔষধ প্রশাসন অধিদপ্তর, মুন্সীগঞ্জঃ সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর জানান, মার্চ ২০২২ মাসে ৪২ টি ড্রাগ লাইসেন্স নবায়ন করা হয়েছে। সর্বমোট ৪৭,৮০০/- টাকা রাজস্ব আদায় করা হয়েছে। রেজিস্ট্রেশনবিহীন নকল, ভেজাল এবং মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয় প্রতিরোধে জেলার বিভিন্ন এলাকায় ১১৯ টি ঔষধের দোকান পরিদর্শন করা হয়েছে। ঔষধ আইন ১৯৪০ লঙ্ঘন করায় ০৮ টি ফার্মেসির মালিকের বিরুদ্ধে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে মোট ৬১,০০০/- টাকা জরিমানা করা হয়েছে। এছাড়াও ০৫ টি ঔষধের নমুনা পরীক্ষার জন্য ড্রাগ টেস্টিং ল্যাবরেটরিতে প্রেরণ করা হয়েছে। সভাপতি মেয়াদ উত্তীর্ণ ঔষধ, নকল ও মিস ব্র্যান্ডেড ঔষধ বিক্রেতাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। এছাড়াও তিনি ফার্মেসীসমূহকে শতভাগ লাইসেন্সের আওতায় আনতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার অনুরোধ জানান। | ১। মেয়াদ উত্তীর্ণ ঔষধ, নকল ও মিস ব্র্যান্ডেড ঔষধ বিক্রেতাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। ফার্মেসীসমূহকে শতভাগ লাইসেন্সের আওতায় আনতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ<br>২। সহকারী পরিচালক,ঔষধ প্রশাসন অধিদপ্তর, মুন্সীগঞ্জ |
| ০৮ | জেলা নির্বাচন অফিস, মুন্সীগঞ্জঃ জেলা নির্বাচন অফিসার জানান, নির্বাচন কমিশন সচিবালয় এর নির্দেশনা মোতাবেক ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি ২০২২ এ ভোটারযোগ্য ব্যক্তিদের তথ্য সংগ্রহ আগামী ২০ মে ২০২২ তারিখ হতে শুরু হবে। কেন্দ্রে নিবন্ধন কার্যক্রম আগামী ১০ জুন ২০২২ হতে শুরু হয়ে ২০ নভেম্বর ২০২২ | ১। জাতীয় পরিচয়পত্র সংশোধনসহ অন্যান্য সেবাসমূহ হয়রানি মুক্তভাবে প্রদান করার প্রয়োজনীয় | জেলা নির্বাচন অফিসার, মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| | তারিখ শেষ হবে। সভাপতি ভোটার তালিকা হালনাগাদ করার বিষয়টি ব্যাপক প্রচার করার জন্য অনুরোধ জানান। এছাড়াও তিনি জাতীয় পরিচয়পত্র সংশোধনসহ অন্যান্য সেবাসমূহ হয়রানি মুক্তভাবে প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ জানান। | ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>২। ভোটার তালিকা হালনাগাদ করার বিষয়টি ব্যাপক প্রচার করতে হবে। | |
| ০৯ | কৃষি বিভাগঃ উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর জানান, এ পর্যন্ত সারের মজুদ ইউরিয়া ৫৩৮, মেঃটন, টিএসপি ১৬৫ মেঃটন, ডিএপি ৫৩০ মেঃটন ও এমওপি ৮৮ মেঃটন। খরিফ-১/২০২১-২২ সনে আবাদি জমির লক্ষ্যমাত্রা বোনা আমন ১০ হেক্টর, পাট ৮৯৭ হেক্টর, গ্রীষ্মকালীন সবজি ২০৩৬ হেক্টর, ভূট্টা ১৮১০ হেক্টর, তিল ৪০৪ হেক্টর, আখ ৩১১ হেক্টর। এছাড়াও তিনি জানান, রোগের কারণে যাতে কোন ফসল নষ্ট না হয় সে বিষয়ে মাঠকর্মীরা লক্ষ্য রাখছেন। সভাপতি আলু সংরক্ষণে কৃষকদের কোন ধরণের ব্যঘাত না ঘটে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। এছাড়াও কৃষক যাতে সঠিক সময়ে সার পেতে পারে এবং ডিলারগণ কারসাজির মাধ্যমে সারের সংকট তৈরি করতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। কৃষি প্রণোদনা ও সরকার কর্তৃক ৪% সুদে কৃষি ঋণ কৃষকরা যাতে অতি সহজে পায় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। সারের সরবরাহ স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩। আলু সংরক্ষণে কৃষকদের কোন ধরণের ব্যঘাত না ঘটে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মুন্সীগঞ্জ<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ |
| ১০ | বিএডিসি (বীজ): সিনিয়র সহকারী পরিচালক (বীজ), মুন্সীগঞ্জ, ২০২১-২২ বর্ষে মুন্সীগঞ্জ জেলায় বিএডিসি কর্তৃক বিভিন্ন বীজের বিপণন কার্যক্রম চলমান রয়েছে। খরিপ-১ মৌসুমে মুন্সীগঞ্জ জেলার বিপরীতে ১০ কেজি হাইব্রিড টমেটো বীজ, ৩ কেজি হাইব্রিড করলা বীজ, ০.৫ কেজি হাইব্রিড বেগুন বীজ (মোট হাইব্রিড বীজ ১৩.৫ কেজি) এবং বিভিন্ন জাতের মান, প্রত্যায়িত ও ভিত্তি সবজি বীজ ৬৯৪.২ কেজি, ২১.৮ মে. টন দেশি পাট বীজ বরাদ্দ হয়েছে এবং এর বিক্রয় কার্যক্রম চলমান। সভাপতি চাহিদা অনুযায়ী গুণগত মানের বীজ কৃষকদের মাঝে সরবরাহের অনুরোধ জানান। | ১। গুণগত মানের বীজ কৃষকদের মাঝে বিতরণ/বাজারজাত করতে হবে। | ১। সিনিয়র সহকারী পরিচালক (বীজ), মুন্সীগঞ্জ |
| ১১ | বিএডিসি (ক্ষুদ্র সেচ): সহকারী প্রকৌশলী জানান, ২০২১-২২ অর্থ বছরে অত্র জেলায় সদর উপজেলার চরকেওয়ার ইউনিয়নের ফকিরকান্দি ২ কি. মি. খাস সজা খাল পুনঃ খনন কাজ ও সিরাজদিখান উপজেলার বয়রাগাদি ইউনিয়নের বাঘারঘাটা ২.৫০ কি.মি. খাস মজা খাল পুনঃখনন কাজ এবং বিএডিসির ৩ টি (আধারা-কুঞ্জনগর, আধারা-চরআব্দুল্লাহ, রাজানগর-তেঘরিয়া) ২ কিউসেক লো লিফট পাম্প এর প্রতিটিতে ১০০০ মি. করে ভূ-গর্ভস্থ সেচনালা নির্মাণ কাজ শুরু হয়েছে। সভাপতি রিকাবীবাজার খাল খননে কোন প্রকল্প গ্রহণ করা যায় কিনা এ বিষয়ে পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান। এছাড়াও তিনি প্রকল্প নেয়ার পূর্বে এবং খাল খনন করার সময় সংশ্লিষ্ট এলাকার/উপজেলার জনপ্রতিনিধি, কৃষি বিভাগ ও উপজেলা নির্বাহী অফিসারসহ অন্যান্যদের সাথে পরামর্শ করে গুণগতমান বজায় রেখে প্রকল্প বাস্তবায়ন করার অনুরোধ জানান। | ১। প্রকল্প নেয়ার পূর্বে এবং খাল খনন করার সময় সংশ্লিষ্ট এলাকার/উপজেলার জনপ্রতিনিধি, কৃষি বিভাগ ও উপজেলা নির্বাহী অফিসারসহ অন্যান্যদের সাথে পরামর্শ করে গুণগতমান বজায় রেখে প্রকল্প বাস্তবায়ন করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ<br>২। সহকারী প্রকৌশলী (ক্ষুদ্র সেচ), মুন্সীগঞ্জ |
| ১২ | মৎস্য বিভাগঃ জেলা মৎস্য কর্মকর্তা, মুন্সীগঞ্জ জানান, প্রশাসন, মৎস্য অধিদপ্তর, পুলিশ প্রসাশন, নৌপুলিশ, কোস্ট গার্ড, আনসার এর সমন্বয়ে মার্চ/২০২২ মাসে ৩৮টি অভিযান, ০৪টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয় এবং ৭.৯০ লক্ষ মিটার কারেন্ট জাল, ৫৫০ পিস চায়না চাই ও ৩.১১৫ মেট্রিক টন জাটকা জব্দ করা হয়। জালসমূহ আগুনে পুড়িয়ে বিনষ্ট করা হয় এবং জব্দকৃত জাটকা এতিমখানা ও দুস্থদের মাঝে বিতরণ করা হয়।<br>কারেন্ট জাল কারখানায় অভিযান: সদর উপজেলায় নৌ পুলিশ এর সমন্বয়ে কারেন্ট জাল কারখানায় ০৯টি অভিযান পরিচালনা করা হয় এবং ০৯টি নিয়মিত মামলাসহ ১৩০.২১ লক্ষ মিটার কারেন্ট জাল জব্দ করা হয়। জব্দকৃত কারেন্ট জাল মিরকাদিম নৌ পুলিশ লাইনের গোডাউনে রক্ষিত আছে। | ১। নির্বিচারে পোনা মাছ ও প্রজননক্ষম মাছ নিধন, কারেন্ট জালের বিস্তার রোধে মৎস্য আইনে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br>২। জাটকা সংরক্ষণ অভিযান সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করা এবং কারেন্ট জালের | ১। জেলা মৎস্য কর্মকর্তা, মুন্সীগঞ্জ<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| | জাটকা সংরক্ষণ কার্যক্রম ২০২২: জাটকা সংরক্ষণ কার্যক্রমের আওতায় মার্চ/২০২২ মাসে ১৬টি গণসচেতনতা সভা, ১৩৩টি হাট বাজার পরিদর্শন, ৩৭টি অভিযান ও ১৩টি মোবাইল কোর্ট পরিচালনা করে ৪.১৫ লক্ষ মিটার কারেন্ট জাল ও ৫.৯৫ মেট্রিক টন জাটকা জব্দ করা হয়। জব্দকৃত জাল আগুনে পুড়িয়ে বিনষ্ট করা হয় এবং জাটকা মাদ্রাসা, এতিমখানা ও দুস্থদের মাঝে বিতরণ করা হয়। মৎস্যচাষী, মৎস্যজীবী ও উদ্যোক্তাদের পরামর্শ প্রদান ১৩৯টি। বছর ব্যাপী বিশেষ সেবা প্রদান ০৪টি। মৎস্যচাষী, মৎস্যজীবী ও সুফলভোগীদের মধ্যে ১৬৯ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়। ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় সদর উপজেলায় ১০ জন সুফলভোগী জেলেদের বিকল্প কর্মসংস্থানের লক্ষ্যে বকনা বাছুর বিতরণ করা হয়। সভাপতি কারেন্ট জাল বন্ধে গৃহীত পদক্ষেপের জন্য ধন্যবাদ জানান। এছাড়াও তিনি জাটকা সংরক্ষণ অভিযান সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করা এবং কারেন্ট জালের উৎপাদন বন্ধ করতে অভিযান অব্যহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | উৎপাদন বন্ধ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | |
| ১৩ | প্রাণিসম্পদ বিভাগঃ জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, মার্চ ২০২২ মাসে জেলায় গবাদি পশুর টিকা প্রদান ৭৩২০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান ৮৩৬০০ মাত্রা, গবাদি পশুর চিকিৎসা ৭৮২৬ টি এবং হাঁস-মুরগীর চিকিৎসা ১৩৩৮৫৫ টি সফলভাবে সম্পন্ন করা হয়েছে। দুধ উৎপাদন ০.১৮৫ লক্ষ মেঃ টন, মাংস উৎপাদন ০.০৮৭ লক্ষ মেঃ টন, ডিম উৎপাদন ২.১৪ কোটি। কৃত্রিম প্রজনন ফি সরকারি কোষাগরে জমা ১৮৫৩১০/-, প্রতিষেধক টিকা বিক্রয় বাবদ সরকারি কোষাগারে জমা ২৩৩৯০/- গবাদি পশু ও হাঁস-মুরগীর টিকা ও চিকিৎসা প্রদান কার্যক্রম চলমান। জেলায় কোন তড়কা রোগের প্রাদুর্ভাব লক্ষ্য করা যায়নি। এছাড়াও তিনি জানান পবিত্র রমজান মাসে মাংস ও দুধ বাজার পরিদর্শন অব্যহত রয়েছে। তিনি আরও জানান, সদর উপজেলার মুন্সীরহাট এ ১টি অত্যাধুনিক কসাইখানা তৈরি করা হবে। সভাপতি মিরকাদিমের ঐতিহ্যবাহী ধবল গাই এর প্রজনন বাড়ানোর উদ্যোগ গ্রহণ করার অনুরোধ জানান। এছাড়াও তিনি গবাদি পশু ও হাঁস-মুরগীর খামার নিয়মিত পরিদর্শন করার অনুরোধ জানান। | ১। গবাদি পশু ও হাঁস-মুরগীর খামার নিয়মিত পরিদর্শন করতে হবে।<br>২। মিরকাদিমের ঐতিহ্যবাহী ধবল গাই এর প্রজনন বাড়ানোর উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মুন্সীগঞ্জ<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ |
| ১৪ | খাদ্য বিভাগঃ জেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, এলএসডি ভিত্তিক খাদ্য শস্যের মজুদ যথাক্রমে ৬৪১৫.০২২ মে.টন, চাল ও ৮৭৬.০৭৫ মে. টন, গম, ধান ০ মে. টন। ২০২১-২২ অর্থবছরে চাল মজুদের লক্ষ্যমাত্রা: ২৪৬১ মে. টন এবং অর্জিত ২৪৬০.৯৯০ মে. টন। ধান মজুদের লক্ষ্যমাত্রা: ৫৫ মে. টন এবং অর্জিত ৫৫ মে. টন। খাদ্য বান্ধব কর্মসূচিতে মোট নিয়োগকৃত ডিলার সংখ্যা ৯৭ জন। ওএমএস খাতে আটা বিক্রয় নিয়োগকৃত ডিলার সংখ্যা ২০। প্রতি কেজি আটার মূল্য ১৮ টাকা এবং সর্বমোট বিক্রিত আটার পরিমাণ ২৫৯৫.২৩০ মে.টন। এছাড়াও তিনি জানান, বর্তমানের পর্যাপ্ত পরিমাণ খাদ্যশস্য মজুদ রয়েছে এবং এ জেলায় নির্ধারিত সময়ের আগেই খাদ্যশস্য সংগ্রহের লক্ষ্যমাত্রা পূরণ করা হয়েছে। সকল উপজেলায় টিসিবির কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি ধান ও চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা পূরণ এবং টিসিবির কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করার অনুরোধ জানান। | ১। ধান ও চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।<br>২। টিসিবির কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ<br>২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, মুন্সীগঞ্জ |
| ১৫ | জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরঃ সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মুন্সীগঞ্জ বলেন, বিবেচ্য মাসে বাজার তদারকিমূলক কর্মসূচি অনুযায়ী সদর উপজেলায় ০৫ টি, টংগিবাড়ী ০২ টি, শ্রীনগর ০২ টি, লৌহজং ০১টি, গজারিয়া ০১ টি ও সিরাজদিখানে ০২টি, জেলায় সর্বমোট ১৩ টি বাজার তদারকিমূলক কার্যক্রম পরিচালনা করা হয়। এছাড়া ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ সম্বলিত স্টিকার ও লিফলেট বিতরণ করা হয় এবং বাজার তদারকিমূলক কার্যক্রম পরিচালনাকালে বিভিন্ন ধারা লঙ্ঘনের অপরাধে ২৭টি প্রতিষ্ঠানকে মোট ২,০৬,০০০/- টাকা জরিমানা আরোপপূর্বক আদায় করা হয়। | ১। কোন যৌক্তিক কারণ ছাড়াই যাতে বাজারমূল্য বাড়ানো না হয় সে বিষয়ে নিয়মিত বাজার তদারকি করতে হবে।<br>২। উপজেলা নির্বাহী অফিসারদের সাথে সমন্বয় করে অভিযান পরিচালনা | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ<br>২। সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার |

| | | | |
|---|---|---|---|
| | সভাপতি বিভিন্ন দ্রব্যাদির বাজারমূল্য যেন যৌক্তিক পর্যায়ে থাকে সে বিষয়ে নিয়মিত বাজার তদারকি রাখার বিষয়ে গুরুত্বারোপ করেন। এছাড়াও বাজারে সোয়াবিন তেলসহ অন্যান্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি মজুদ করে কেউ যাতে কৃত্রিম সংকট তৈরি করতে না পারে সেজন্য নিয়মিত অভিযান পরিচালনা অব্যাহত রাখার অনুরোধ জানান। | করতে হবে।<br>৩। সোয়াবিন তেলসহ অন্যান্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি মজুদ করে কেউ যাতে কৃত্রিম সংকট তৈরি করতে না পারে সেজন্য নিয়মিত অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে। | সংরক্ষণ অধিদপ্তর, মুন্সীগঞ্জ |
| ১৬ | কৃষি বিপণন অধিদপ্তর: জেলা মার্কেটিং অফিসার, মুন্সীগঞ্জ জানান, নিয়মিত বাজার দর পরিদর্শন/মনিটরিং করা হচ্ছে। মার্চ ২০২২ মাসে লাইসেন্স নবায়ন/নতুন লাইসেন্স বাবদ ১১,০০০/- টাকা রাজস্ব জমা প্রদান করা হয়েছে। সভাপতি পবিত্র রমজান মাসে নিত্য প্রয়োজনীয় দ্রব্য মূল্যে যাতে অস্বাভাবিক না হয় সে বিষয়ে প্রয়োজনীয় মনিটরিং করার অনুরোধ জানান। বাজারমূল্য অস্বভাবিক প্রতীয়মান হলে তা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর বা জেলা প্রশাসকের কার্যালয়কে অবহিত করার অনুরোধ জানান। | ১। বাজারমূল্য অস্বভাবিক প্রতীয়মান হলে তা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর বা জেলা প্রশাসকের কার্যালয়কে অবহিত করতে হবে।<br>২। পবিত্র রমজান মাসে নিত্য প্রয়োজনীয় দ্রব্য মূল্যে যাতে অস্বাভাবিক না হয় সে বিষয়ে প্রয়োজনীয় মনিটরিং করতে হবে। | জেলা মার্কেটিং অফিসার, মুন্সীগঞ্জ |
| ১৭ | গণপূর্ত বিভাগঃ নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মুন্সীগঞ্জ জানান, মুন্সীগঞ্জ জেলা মডেল মসজিদ নির্মাণ কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। সদর উপজেলা মডেল মসজিদ এর ৩য় তলার ছাদ ঢালাইয়ের প্রস্তুতি চলমান। গজারিয়া ও লৌহজং উপজেলা মডেল মসজিদ নির্মাণ কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। সিরাজদিখান উপজেলা মডেল মসজিদের ৩য় তলার ছাদ ঢালাই প্রক্রিয়াধীন রয়েছে। টংগিবাড়ী উপজেলা মডেল মসজিদের ব্রিক ওয়াল কাজ সম্পন্ন করা হয়েছে। শ্রীনগর উপজেলা মডেল মসজিদ ২য় তলার ছাদ ঢালাইয়ের প্রস্তুতি চলছে। । Covid-19 Emergency Response Preparedness (Sub: Head Establishment of 20 bed isolation unit & 10 bed ICU at Munshiganj District Hospital এর কাজের অগ্রগতি ৮৯%। শ্রীনগর উপজেলায় ট্রমা সেন্টার নির্মাণ কাজ শেষ হওয়ায় বুঝে নেয়ার জন্য প্রত্যাশী সংস্থাকে পত্র দেয়া হয়েছে। এছাড়াও তিনি জেলা মডেল মসজিদ, গজারিয়া মডেল মসজিদ এবং লৌহজং মডেল মসজিদের জায়গা দ্রুত বুঝিয়ে দেয়ার জন্য উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মুন্সীগঞ্জকে অনুরোধ জানান। সভাপতি শ্রীনগর উপজেলায় ট্রমা সেন্টারটি দ্রুত হস্তান্তরের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ জানান। এছাড়াও মডেল মসজিদের নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার অনুরোধ জানান। | ১। জেলা ও উপজেলার মডেল মসজিদ নির্মাণ কাজ দ্রুতগতিতে শেষ করতে হবে।<br>২। শ্রীনগর উপজেলায় ট্রমা সেন্টারটি দ্রুত হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। মডেল মসজিদের নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | ১। সিভিল সার্জন, মুন্সীগঞ্জ<br>২।নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মুন্সীগঞ্জ<br>৩। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মুন্সীগঞ্জ |
| ১৮ | সড়ক ও জনপথ বিভাগঃ নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, মুন্সীগঞ্জ এর প্রতিনিধি জানান, ঢাকার কেরানীগঞ্জ থেকে মুন্সীগঞ্জের হাসাড়া পর্যন্ত জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্থতায় উন্নীতকরণ এর কাজ চলমান, প্রকল্প মূল্য ৪০৯০৪.৮৫ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থ বছরে বরাদ্দের পরিমাণ ৫০০০.০০ লক্ষ টাকা, মার্চ ২০২২ পর্যন্ত ক্রমপঞ্জিত ব্যয় ৫৬০৭.৭২ লক্ষ টাকা। "জরাজীর্ণ অপ্রশস্ত ও গুরুত্বপূর্ণ পয়েন্টে বিদ্যমান বেইলী সেতু এবং আরসিসি সেতু প্রতিস্থাপন (ঢাকা জোন)" শীর্ষক প্রকল্প (মুন্সীগঞ্জ অংশ) এর কাজ চলমান। প্রকল্প মূল্য (মুঃ অংশ) ৪৯৫৪৫.৩৫ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থ বছরে বরাদ্দের পরিমাণ ৬০২.৫৩ লক্ষ টাকা, মার্চ ২০২২ পর্যন্ত ক্রমপঞ্জিত ব্যয় ৬০২.৫৩ লক্ষ টাকা। এছাড়াও কেরানীগঞ্জ থেকে মুন্সীগঞ্জের হাসাড়া পর্যন্ত জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্থতায় উন্নীতকরণ এর কার্যক্রম এর আওতায় সৈয়দপুর ব্রীজের ল্যান্ড | ১। চলমান প্রকল্পসমূহের কাজ যথা সময়ে সম্পন্ন করতে হবে।<br>২। সড়ক/ব্রীজ সংস্কার বা মেরামত কাজ শুরুর পূর্বে সময় উল্লেখপূর্বক রাস্তা বন্ধ সংক্রান্ত নোটিশ বোর্ড স্থাপন করতে হবে। | ১। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, মুন্সীগঞ্জ<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| | একুইজিশনের কাজ দ্রুত সম্পন্ন করার অনুরোধ জানান। লৌহজং উপজেলধীন ঘোলতলীর ক্ষতিগ্রস্থ বেইলী সেতুটি গত ০৪ এপ্রিল ২০২২ তারিখ পুনরায় চালু করা হয়েছে। সভাপতি সড়ক/ব্রীজ সংস্কার বা মেরামত কাজ শুরুর পূর্বে এ সংক্রান্ত তথ্য সংযোজন করে নোটিশ বোর্ড স্থাপন করার অনুরোধ জানান। | | |
| ১৯ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরঃ নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মুন্সীগঞ্জ সভায় জানান, ২০২১-২২ অর্থ বছরে ২০ টি বিভিন্ন প্রকল্পের আওতায় ২৪৫ টি স্কীমের কাজ হাতে নেয়া হয়েছে, চলমান স্কীমের অনুকূলে ২৮৫২৫.২০ লক্ষ টাকা, ২০২১-২২ অর্থ বৎসের ৩১১০.৯১ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। সমাপ্তকৃত স্কীম সংখ্যা ৪৪ টি, চলমান স্কীম সংখ্যা ২০১ চলমান কাজের অগ্রগতি ৪৪%। মুক্তিযোদ্ধা কমপ্লেক্স নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় ৬টি ভবন নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। ০১ টি ভবন নির্মাণের কাজ চলমান। উপজেলা কমপ্লেক্স সম্প্রসারণ প্রকল্পের আওতায় মুন্সীগঞ্জ সদর ও সিরাজদিখান উপজেলায় সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণ কাজ চলমান রয়েছে। ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্পের মধ্যে ১১ টি ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে এবং ২ টির নির্মাণকাজ শেষ পর্যায়ে। "দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো" উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত) এর আওতায় সিরাজদিখান উপজেলাধীন চিত্রকোট ইউনিয়নের অন্তর্গত খাসশুর বাজারে মার্কেট ভবন নির্মাণ কাজ বাস্তবায়নের জন্য (আরডিপিপি'তে অন্তর্ভূক্ত) অনুমোদন পাওয়া যায়। উক্ত উপজেলায় খাসশুর বাজারে মার্কেট ভবন নির্মাণ কাজ বাস্তবায়নের জন্য জমি সংকুলান না হওয়ায় তিনি স্কীমটি বাতিলের জন্য প্রস্তাব করেন। দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ০২ টি বাজার উন্নয়ন এর জন্য জেলা প্রশাসক কর্তৃক NOC প্রয়োজন। সভাপতি গৃহীত প্রকল্পসমূহের বিস্তারিত তথ্যাদি পরবর্তী সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান। | ১। এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন সকল কাজের মান ঠিক রেখে যথাসময়ে কাজ সমাপ্ত করতে হবে।<br><br>২। চলমান প্রকল্পের কাজের গুণগত মান নিশ্চিত হয়ে ঠিকাদারকে বিল পরিশোধ করতে হবে।<br>৩। গৃহীত প্রকল্পসমূহের বিস্তারিত তথ্যাদি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ১। উপ পরিচালক, স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ<br>২। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মুন্সীগঞ্জ |
| ২০ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মুন্সীগঞ্জঃ নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মুন্সীগঞ্জ সভায় জানান, ২০২১-২২ অর্থ বছরে ৫৫৯২ টি সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপ বরাদ্দ অনুযায়ী কাজ চলমান এবং সদর ও টংগিবাড়ী উপজেলায় ২ টি রুরাল পাইপড ওয়াটার স্কিমের কাজ চলমান। এছাড়া বিগত অর্থ বছরে বরাদ্দকৃত ৩৫৩৬ টি সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপ স্থাপনের কাজ চলমান। ২০২১-২২ অর্থ বছরে ১৭৬৮ টি ও ১০৮ টি কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিট স্থাপন কাজের বরাদ্দ পাওয়া গেছে, দরপত্রের কাজ সম্পন্ন হয়েছে। nngps/gps প্রকল্পের আওতায় মুন্সীগঞ্জ জেলার বিভিন্ন উপজেলায় বিগত অর্থ বছরে ৫০ টি ওয়াশ ব্লক নির্মাণ এববং ১.৫০ অশ্ব শক্তি সম্পন্ন সাবমারসিবল পাম্পযুক্ত ৬৭ টি গভীর নলকূপ স্থাপনের কাজ চলমান। পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১০৬ টি সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপ ও ০২টি সৌর বিদ্যুৎ চালিত গভীর নলকূপ স্থাপন কাজ চলমান আছে। আশ্রয়ণ প্রকল্পের আওতায় ১ম পর্যায়ে মুন্সীগঞ্জ জেলার ০৬ উপজেলায় ৮২ টি গভীর নলকূপ স্থাপন কাজ চলমান এবং ২য় পর্যায়ে ২১ টি সাবমার্সিবেল পাম্পুক্ত গভীর নলকূপ স্থাপনের কার্যাদেশ প্রদান করা হয়েছে।। ৩৭ জেলা শহরে পানি সরবরাহ প্রকল্পের আওতায় মুন্সীগঞ্জ পৌরসভায় ১টি পানি শোধানাগার নির্মাণ কাজ চলমান। সভাপতি কাজের গুণগত মান নিশ্চিত হয়ে ঠিকাদারকে বিল পরিশোধ করার অনুরোধ জানান। | ১। নলকূপ স্থাপন ও কমিউনিটি টয়লেট নির্মাণ কাজ যথাসময়ে সমাপ্ত করতে হবে।<br><br>২। কাজের গুণগত মান নিশ্চিত হয়ে ঠিকাদারকে বিল পরিশোধ করতে হবে। | ১। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মুন্সীগঞ্জ<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ |
| ২১ | শিক্ষা প্রকৌশল অধিদপ্তরঃ নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সভায় জানান, ২০১৮-১৯, ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থ বছরে অর্থ বছরে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অধীনে মুন্সীগঞ্জ জেলার ৬টি উপজেলায় ১৯টি বিভিন্ন প্রকল্পে ৩৫৯টি | ১। প্রকল্পের চলমান সকল কাজ নিয়মিত পরিদর্শনপূর্বক যথাসময়ে সমাপ্ত করতে হবে। | ১। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর,মুন্সীগ |

| | | | |
|---|---|---|---|
| | সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নির্মাণ/উর্ধ্বমূখী সম্প্রসারণ/ মেরামত সংস্কার/ ফার্নিচার সরবরাহ কাজ চলমান। সরকারি হরগঙ্গা কলেজের ১০ তলা একাডেমিক ভবনের নির্মাণ কাজ চলমান, অগ্রগতি ৯০%। গজারিয়া উপজেলায় গজারিয়া টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের প্রশাসনিক ভবন, ওয়ার্কশপ ভবন নির্মাণ, পানি নিষ্কাশন ব্যবস্থা ও সীমানা নির্মাণ কাজ চলমান, অগ্রগতি, ৯১%। সভাপতি নির্ধারিত সময়ে কাজের গুণগতমান বজায় রেখে প্রকল্পসমূহের কাজ সম্পন্ন করার অনুরোধ জানান। এছাড়াও তিনি প্রকল্প পরিদর্শনকালে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা পরিষদ চেয়ারম্যানদের সম্পৃক্ত করার অনুরোধ জানান। | ২। প্রকল্প পরিদর্শনকালে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা পরিষদ চেয়ারম্যানগণকে সম্পৃক্ত করতে হবে।<br>৩। নির্ধারিত সময়ে কাজের গুণগতমান বজায় রেখে প্রকল্পসমূহের কাজ সম্পন্ন করতে হবে। | ঞ্জ<br><br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল) মুন্সীগঞ্জ |
| ২২ | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর: সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মুন্সীগঞ্জ এর প্রতিনিধি জানান, মুন্সীগঞ্জ জেলার সদর উপজেলার চর কেওয়ার ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পুনঃনির্মাণ কাজের অগ্রগতি ৭০%। মুন্সীগঞ্জ জেলার গজারিয়া উপজেলার বাউশিয়া ইউনিয়নের পোড়াচক বাউশিয়া কমিউনিটি ক্লিনিক পুনঃনির্মাণ কাজের অগ্রগতি ৮০%। অপারেশনাল প্লান (ওপি) ২০২১-২২ অর্থ বছরে মুন্সীগঞ্জ জেলায় স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) এর আওতায় বিভিন্ন স্বাস্থ্য স্থাপনার মোট-১৪ টি প্যাকেজের মেরামত ও সংস্কার কাজের জন্য ১১৭.৬৯ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে এবং সবকয়টির কার্যাদেশ প্রদান করা হয়েছে। সভাপতি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পুনঃনির্মাণ ও অপারেশনাল প্লান (ওপি) মেরামত সংস্কার কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | ১। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পুননির্মাণ ও অপারেশনাল প্লান (ওপি) মেরামত সংস্কার কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।<br>২। কাজের গুণগত মান নিশ্চিত হয়ে ঠিকাদারকে বিল পরিশোধ করতে হবে। | সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মুন্সীগঞ্জ |
| ২৩ | পানি উন্নয়ন বোর্ডঃ নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, মুন্সীগঞ্জ এর প্রতিনিধি বলেন, "৬৪ টি জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় সমূহ পুনঃখনন (১ম পর্যায়)" ১ম সংশোধিত শীর্ষক প্রকল্পের আওতায় কাটাখালী খালের পুনঃখনন কাজ চলমান রয়েছে এবং কাজটির সময় বর্ধিতকরণ প্রক্রিয়াধীন রয়েছে। কাজের অগ্রগতি ২৫%। বিগত নভেম্বর মাসে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় সভার সিদ্ধান্তের আলোকে গত ২৪/১১/২০২১ খ্রি. তারিখে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-১, বাপাউবো, ঢাকা; নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মুন্সীগঞ্জ;নির্বাহী প্রকৌশলী, মুন্সীগঞ্জ পৌরসভা; মেয়র, মুন্সীগঞ্জ পৌরসভা; উপজেলা চেয়ারম্যান, মুন্সীগঞ্জ সদর; সহকারী কমিশনার (ভূমি), মুন্সীগঞ্জ সদর ও জেলা বন কর্মকর্তাসহ সরেজমিনে কাটাখালী খাল পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে উপস্থিত কাজ বাস্তবায়ন কাজে নিয়োজিত ঠিকাদারকে আপতত গাছ না কেটে যে সকল অংশে খাল পুনঃখনন কাজ বাস্তাবায়ন করা সম্ভব সেসকল স্থানে শর্টবোম এক্সকেভেটর দিয়ে খনন কাজ বাস্তাবায়ন করার জন্য নির্দেশনা দেয়া হয়। নির্দেশনা মোতাবেক ঠিকাদার কাজ শুরু করে। কাজ করার সময় খালের ঢালে কাদা মাটি থাকায় এক্সকেভেটর দুই বার খালের তলদেশে পড়ে যায়। খালের ঢালে কাদা মাটি থাকায় শর্টবোম এক্সকেভেটর দিয়ে কাজ করা সম্ভব নয় বিধায় লংবোম এক্সকেভেটর দিয়ে খনন কাজ পুনরায় শুরু করার জন্য নির্দেশ প্রদান করা হয়। শিগ্রই ঠিকাদার কর্তৃক লংবোম এক্সকেভেটর দ্বারা খাল পুনঃখনন কাজ শুরু করা হবে।<br><br>"পদ্মা বহুমূখী সেতুর ভাটিতে মুন্সীগঞ্জ জেলার লৌহজং ও টংগিবাড়ী উপজেলাধীন বিভিন্ন স্থানে পদ্মা নদীর বামতীর সংরক্ষণ" শীর্ষক প্রকল্পটি গত ২৮/০৭/২০২১ খ্রি. তারিখে একনেক সভায় অনুমোদিত হয়েছে। পানি সম্পদ মন্ত্রণালয় হতে গত | ১। নদী ভাঙ্গন রোধে প্রকল্পসমূহ বাস্তবায়নের কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। কাটাখালী খাল খননের কাজটি সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩। চলমান প্রকল্পসমূহের কাজের গুণগত মান বজায় রেখে নির্ধারিত সময়ে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মেয়র, মুন্সীগঞ্জ পৌরসভা<br><br>২। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, মুন্সীগঞ্জ<br><br>৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ<br><br>৪। বন বিভাগ, মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| | ০৭/১০/২০২১ খ্রি. তারিখে প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে। উক্ত প্রকল্পের আওতায় লৌহজং ও টংগিবাড়ী উপজেলার বিভিন্ন স্থানে ১৮টি প্যাকেজে ৪৩১.৩০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে ৯.১০ কি.মি. দৈর্ঘ্যে তীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়ন করা হবে। ইতোমধ্যে প্রকল্পের তীর সংরক্ষণ কাজের সবগুলো প্যাকেজের দরপত্র আহ্বান পূর্বক ১৮টি প্যাকেজের NOA প্রদান করা হয়েছে। খুব শিঘ্রই প্রকল্পের কাজ বাস্তবায়ন শুরু করা হবে। সভাপতি কাটাখালী খাল খননের কাজটি সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। এছাড়াও চলমান প্রকল্পসমূহের কাজের গুণগত মান বজায় রেখে নির্ধারিত সময়ে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | | |
| ২৪ | জেলা শিক্ষা অফিসঃ জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ জানান, মুন্সীগঞ্জ জেলার ৬টি উপজেলার সরকারি ও বেসরকারি স্কুল, কলেজ, মাদরাসাসমূহের ১২-১৮ বছর বয়সের শিক্ষার্থীদের কোভিড ১৯ টিকা প্রদান করা হয়েছে এবং ২য় ডোজ চলমান রয়েছে। ২০২২ সাল হতে মাউশি কর্তৃক ক্লাস রুটিনের যে নির্দেশনা প্রদান করেছে সে মোতাবেক রুটিন তৈরি করা হচ্ছে। ৩ টি স্তরে ৫ টি ক্যাটাগরিতে আগামী ২৪ এপ্রিল ২০২২ তারিখ হতে জেলা পর্যায়ের বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা শুরু হবে। সভাপতি স্বাস্থ্যবিধি মেনে শিক্ষা কার্যক্রম পরিচালনা নিশ্চিত করাসহ জেলার মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের টিকা গ্রহণ নিশ্চিত করার অনুরোধ জানান। এছাড়াও তিনি শিক্ষার্থীদের ঝরে পড়ার হার কমাতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার অনুরোধ জানান। | ১। জেলার মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের টিকা গ্রহণ নিশ্চিত করতে হবে।<br>২। স্বাস্থ্যবিধি মেনে শিক্ষা কার্যক্রম পরিচালনা নিশ্চিত করতে হবে।<br>৩। শিক্ষার্থীদের ঝরে পড়ার হার কমাতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | জেলা শিক্ষা অফিসার,মুন্সীগঞ্জ |
| ২৫ | জেলা প্রাথমিক শিক্ষা অফিসঃ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ বলেন, ০২ মার্চ ২০২২ তারিখ থেকে থেকে প্রাথমিক বিদ্যালয়সমূহ খোলা হয়েছে ও শ্রেণিকক্ষে স্বাস্থ্যবিধি মেনে পাঠদান কার্যক্রম চলমান আছে। পাঠদান চলমান আছে। এ জেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের মধ্যে বুস্টার ডোজ টিকা গ্রহণের কার্যক্রম চালু আছে। এ জেলাধীন প্রাথমিক শিক্ষা বিভাগের অন্যান্য সকল কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক প্রতিপালিত হচ্ছে। আগামী ২২ এপ্রিল ২০২২ তারিখ সকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগ ২০২০ এর লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। সভাপতি স্বাস্থ্যবিধি মেনে শিক্ষা কার্যক্রম পরিচালনা নিশ্চিত করাসহ জেলার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের টিকা গ্রহণ নিশ্চিত করার অনুরোধ জানান। | ১। জেলার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের টিকা গ্রহণ নিশ্চিত করতে হবে।<br>২। স্বাস্থ্যবিধি মেনে শিক্ষা কার্যক্রম পরিচালনা নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ<br>২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ |
| ২৬ | পিটিআই, মুন্সীগঞ্জঃ সুপার, পিটিআই, মুন্সীগঞ্জ বলেন, নিজস্ব উদ্যোগে পরীক্ষণ বিদ্যালয়ের জন্য মিনি পার্ক স্থাপন করা হয়েছে। ২০২১-২০২২ শিক্ষাবর্ষে পিটিআইতে ২ টি শিফটে ৩৮৭ জন শিক্ষার্থী ফরম পূরণ করেছেন। ২০২২-২৩ শিক্ষাবর্ষে মুন্সীগঞ্জ পিটিআইতে ১টি শিফটে ৮৮ জন প্রশিক্ষণার্থী ভর্তি হয়েছে। পিটিআই এর নিজস্ব উদ্যোগে সমগ্র ক্যাম্পাস ও শ্রেণিকক্ষে ১৬ টি সিসি ক্যামেরা লাগানো হয়েছে। এছাড়াও মহিলা হোস্টেলে ৭টি সিসি ক্যামেরা লাগানো হয়েছে। ০২ টি ইনফ্রারেড থার্মোমিটার ক্রয় এবং ০৪ টি অগ্নি নির্বাপক যন্ত্র ক্রয় করা হয়েছে। সভাপতি ডিপিএড প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার অনুরোধ জানান। | ১। ডিপিএড প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | সুপার, পিটিআই, মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ২৭ | সরকারি হরগঙ্গা কলেজঃ কার্যপত্র হতে জানা যায়, কলেজ ক্যাম্পাসের অভ্যন্তরীণ সড়ক যথাযথ প্রশস্ত না হওয়ায় বিপুল সংখ্যক শিক্ষার্থী, অভিভাবক, শিক্ষক এবং অন্যান্যদের যাতায়াতে সুবিধার জন্য ৫০০ ফিট রাস্তা তৈরি কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট রাস্তাসমূহ জরুরি ভিত্তিতে সংস্কারসহ প্রশস্ত করা প্রয়োজন। ছাত্রদের থাকার জন্য নতুন পাঁচ তলা ছাত্রাবাস নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। ১০ তলা একাডেমিক ভবনের নির্মাণ কাজ চলমান। পুকুরের চারপাশে রিটেনিং ওয়াল নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। এছাড়াও তিনি জানান কলেজের শিক্ষক, কর্মকর্তাদের থাকার জন্য ডরমেটরি প্রয়োজন। কলেজের উন্নয়ন, সংস্কার, রক্ষণাবেক্ষণ ও পরিদর্শন কার্যক্রম নিয়মিত তদারকি করা হচ্ছে। সরকারি নির্দেশনা মোতাবেক কলেজের স্বাভাবিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে। সভাপতি কলেজ ক্যাম্পাসসহ কলেজের উন্নয়ন, রক্ষণাবেক্ষণ এবং পরিদর্শন কার্যক্রম নিয়মিত তদারকি করার অনুরোধ জানান। | ১। কলেজ ক্যাম্পাসসহ কলেজের উন্নয়ন, রক্ষণাবেক্ষণ এবং পরিদর্শন কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে। | ১। অধ্যক্ষ, সরকারি হরগঙ্গা কলেজ, মুন্সীগঞ্জ<br>২।নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, মুন্সীগঞ্জ |
| ২৮ | সরকারি মহিলা কলেজঃ অধ্যক্ষ, সরকারি মহিলা কলেজ, মুন্সীগঞ্জ বলেন, মুন্সীগঞ্জ সরকারি মহিলা কলেজে ছাত্রীদের খেলার মাঠ নাই। কলেজ ক্যাম্পাসের মূল ভবন সংলগ্ন পশ্চিম পাশের জায়গা সংস্কার করে খেলার মাঠ করা প্রয়োজন। কলেজের জন্মলগ্ন থেকে নৈশ প্রহরী, গার্ড, ইলেক্ট্রিশিয়ান, মালী, দক্ষ বেয়ারার পদ নাই এবং কর্মচারীর পদ চাহিদার তুলনায় কম থাকায় কলেজের দৈনন্দিন কার্যক্রম ব্যাহত হচ্ছে বিধায় পদগুলো সৃষ্টি করা প্রয়োজন। ২০০৮-০৯ শিক্ষাবর্ষ হতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বোর্ডের অনুমতি সাপেক্ষে ব্যবসায় শিক্ষা চালু করা হলেও অদ্যাবধি কোন পদ সৃষ্টি হয় নাই। সরকারি নির্দেশনা মোতাবেক কলেজের স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি ব্যবসায় শিক্ষা সংশ্লিষ্ট পদ সৃষ্টির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানান। | ১। ব্যবসায় শিক্ষা সংশ্লিষ্ট পদ সৃষ্টির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। অধ্যক্ষ, সরকারি মহিলা কলেজ, মুন্সীগঞ্জ |
| ২৯ | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোঃ সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, মুন্সীগঞ্জ জানান, পিইডিপি-৪, ২.৫ উপ-কম্পোনেন্ট আউট অব স্কুল চিলড্রেন শিক্ষা কর্মসূচির আওতায় ২০২০-২১ অর্থ বছরে মুন্সীগঞ্জ জেলার ০৬টি উপজেলায় ০৮ হতে ১৪ বছর বয়সী ঝড়ে পড়া ও বিদ্যালয় বহির্ভূত শিশু-কিশোরদের জন্য প্রতি উপজেলায় ৭০টি করে সর্বমোট ৪২০টি উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা কেন্দ্র স্থাপন করার জন্য ব্যবস্থা রয়েছে। উক্ত প্রোগ্রামের শিখন কোর্স গত ১৬ জানুয়ারি-২০২২ খ্রি. গজারিয়া উপজেলায়, ১০ ফেব্রুয়ারি ২০২২ লৌহজং উপজেলায় এবং ১৫ ফেব্রুয়ারি ২০২২ সদর উপজেলায় ০১ মার্চ ২০২২ তারিখ সিরাজদিখান উপজেলায় মোট ৭০টি শিখন কেন্দ্র চালু করা হয়েছে। মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) এর প্রথম সাইকেলের আওতায় গত ২০১৮-১৯ অর্থ বছরে মুন্সিগঞ্জ জেলার লৌহজং ও সিরাজদিখান উপজেলায় ১৫ হতে ৪৫ বছর বয়সী ১৮০০০+১৮০০০ = ৩৬০০০ জন নিরক্ষর নারী - পুরুষকে অর্ন্তভূক্ত করে মৌলিক সাক্ষরতা কোর্স বাস্তবায়ন করা হয়েছে। এই প্রকল্পের দ্বিতীয় সাইকেলে ২০২১-২২ অর্থ বৎসরে মুজিব বর্ষ উপলক্ষে টঙ্গীবাড়ী উপজেলায় ১৫ হতে ৪৫ বছর বয়সী ১৮০০০ জন নিরক্ষর নারী-পুরুষের জন্য মৌলিক সাক্ষরতা কোর্স বাস্তবায়ন গত ০৮ ডিসেম্বর, ২০২১ খ্রি. তারিখ হতে চালু করা হয়েছে। সভাপতি গুণগত মান ঠিক রেখে প্রকল্পের কার্যক্রম সমাপ্ত করার অনুরোধ জানান। | ১। সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো উপজেলা নির্বাহী অফিসারগণের সাথে আলোচনা করে প্রকল্প বাস্তবায়ন করবেন। | সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, মুন্সীগঞ্জ |
| ৩০ | মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমঃ সহকারী প্রকল্প পরিচালক জানান, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের আওতায় জেলায় মোট ৬৪টি শিক্ষা কেন্দ্র রয়েছে এর মধ্যে প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্র ৫৫ টি, বয়স্ক শিক্ষা কেন্দ্র ০৩টি ও গীতা শিক্ষা কেন্দ্র ০৬টি চলমান রয়েছে। প্রত্যেক শিক্ষা কেন্দ্রে সাপ্তাহিক সমবেত প্রার্থনা এবং সপ্তাহে দুই দিন করে বয়স্ক শিক্ষা কেন্দ্র সরকারি নির্দেশনা মোতাবেক চালু করা রয়েছে। মার্চ/২০২২ মাসের শিক্ষক সমন্বয় সভা জুম এ্যাপসের মাধ্যমে অনুষ্ঠিত হয়েছে। সভাপতি মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা | ১। মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম চলমান কেন্দ্রগুলো নিয়মিত পরিদর্শন করতে হবে।<br>২। হোম ভিজিট চলমান রাখতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ<br>২। সহকারী প্রকল্প পরিচালক, মন্দিরভিত্তিক শিশু |

| | | | |
|---|---|---|---|
| | কার্যক্রমগুলো সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারদের নিয়মিত পরিদর্শন করার অনুরোধ জানান। | | ও গণশিক্ষা কার্যক্রম, মুন্সীগঞ্জ |
| ৩১ | ইসলামিক ফাউন্ডেশনঃ উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মুন্সীগঞ্জ জানান, সারাদেশে জেলা ও উপজেলা পর্যায়ে ৫৬০টি ইসলামী সাংস্কৃতিক কেন্দ্র ও মডেল মসজিদ প্রতিষ্ঠার কার্যক্রম অব্যাহত আছে। মুন্সীগঞ্জ সদর উপজেলা মডেল মসজিদের ৩য় তলার ছাদের কাজ চলমান। টংগীবাড়ি উপজেলায় ৩য় তলার ছাদের কাজ শেষ বর্তমানে মিনারের নির্মাণ কাজ চলমান। সিরাজদিখান উপজেলা মডেল মসজিদের ৩য় তলার ছাদ ও মিনারের নির্মাণ কাজ চলমান। গজারিয়া উপজেলা মডেল মসজিদের ব্যক্তি মালিকানাধীন জমি অধিগ্রহণের কাজ চলমান। তবে জমিতে কাজ শুরু করার অনাপত্তি পত্র জমা দেওয়া হয়েছে বিধায় দ্রুত কাজ শুরু করা যেতে পারে। জেলা মডেল মসজিদ এর জন্য জমি অধিগ্রহণ করা প্রয়োজন এবং লৌহজং মডেল মসজিদের জমি অধিগ্রহণের কাজ প্রক্রিয়াধীন। শ্রীনগর উপজেলা মডেল মসজিদের ২য় তলার ছাদের কাজ চলমান। বর্তমানে ৬টি উপজেলায় প্রাক-প্রাথমিক, বয়স্ক শিক্ষা ও সহজ কুরআন শিক্ষা ৮১৪টি কেন্দ্রে, দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসা ০৮ টি এবং রিসোর্স সেন্টার ২২টি চালু রয়েছে। এছাড়াও ওমিক্রণ সংক্রমনের বিষয়ে জেলার সকল মসজিদের মাইকে জনসচেতনতামূলক কার্যক্রম যেমন প্রত্যেক ওয়াক্ত নামাজের সময় মুসল্লীগণ পরস্পর দুরত্ব বজায় রেখে, মাস্ক ব্যবহার এবং সরকারি নির্দেশনাসমূহ পালনের জন্য নির্দেশ প্রদান করা হয়েছে। সভাপতি মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সারাদেশে মডেল মসজিদ উদ্বোধনকালে মুন্সীগঞ্জ জেলা হতে টংগিবাড়ী মডেল মসজিদ অন্তর্ভুক্ত থাকে এ বিষয়টি নিশ্চিত করার অনুরোধ জানান। এছাড়াও করোনাকালে স্বাস্থ্য-বিধি মেনে নামাজ আদায় নিশ্চিত করার অনুরোধ জানান। | ১। মডেল মসজিদ নির্মাণ কার্যক্রম নিয়মিত পরিদর্শন করতে হবে।<br>২। করোনাকালে স্বাস্থ্য-বিধি মেনে নামাজ আদায় নিশ্চিত করতে হবে।<br>৩। মডেল মসজিদ নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করতে গণপূর্ত বিভাগের সাথে সমন্বয় করে কাজ করতে হবে।<br>৪। জেলা মডেল মসজিদের অধিগ্রহণ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সারাদেশে মডেল মসজিদ উদ্বোধনকালে মুন্সীগঞ্জ জেলা হতে টংগিবাড়ী মডেল মসজিদ অন্তর্ভুক্ত থাকে এ বিষয়টি নিশ্চিত করতে হবে। | ১। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ<br>৩। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মুন্সীগঞ্জ<br>৪। ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, মুন্সীগঞ্জ |
| ৩২ | জেলা সরকারি গণগ্রন্থাগারঃ লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থগার জানান, জেলা গ্রন্থাগারটিতে ৩৬০২৫ টি পুস্তক রয়েছে। গ্রন্থাগারে দৈনিক পত্রিকার সংখ্যা ১৭ টি, সাময়িকীর সংখ্যা ১৯ টি যা পাঠকদের জন্য উন্মুক্ত রাখা হয়। গণগ্রন্থাগারে বই ধার নেয়ার জন্য সদস্য সংখ্যা ১০৬ জন। উক্ত প্রতিষ্ঠানে পাঠক সেবা, রেফারেন্স সেবা, পরামর্শ সেবা, নির্বাচিত তথ্য বিতরণ সেবা, তথ্য অনুসন্ধান সেবা, উপদেশমূলক সেবা ও ইন্টারনেট সেবামূলক কার্যক্রম গ্রহণ করা হয়। এছাড়াও বিভিন্ন দপ্তর ও শিক্ষা প্রতিষ্ঠানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস এবং স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উপলক্ষ্যে রচনা, চিত্রাঙ্কন প্রতিযোগীতার চিঠি প্রেরণ করা হয়েছে। সভাপতি পাঠক সংখ্যা বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা এবং জেলা সরকারি গণগ্রন্থাগারটি আধুনিকায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানান। | ১। পাঠক সংখ্যা বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | লাইব্রেরিয়ান, সরকারি গণগ্রন্থাগার, মুন্সীগঞ্জ |
| ৩৩ | জেলা সঞ্চয় অফিস, মুন্সীগঞ্জঃ সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস জানান, মার্চ ২০২২ পর্যন্ত ২০২১-২২ অর্থ বছরে ৮৮ কোটি ২৩ লক্ষ টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে এ পর্যন্ত ৫১ কোটি ৫৫ লক্ষ টাকা বিনিয়োগ অর্জিত হয়েছে। | ১। সরকারের নির্দেশনা অনুযায়ী আমানতকারীদের অর্থের হিসাব যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।<br>২। সঞ্চয়পত্রের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জনসাধারণের মাঝে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস, মুন্সীগঞ্জ |

| নাম | লক্ষ্যমাত্রা | অর্জিত বিনিয়োগ | মুনাফার হার | মুনাফা |
|---|---|---|---|---|
| পরিবার সঞ্চয় পত্র | ২৩.৮২ | ১৯.১৫ | ১১.৫২ | প্রতিমাসে ৯১২/- |
| ৩ মাস অন্তর মুনাফা ভিত্তিক সঞ্চয়পত্র | ১৮.৫৩ | ১৭.৩৯ | ১১.০৪ | ৩ মাস পরপর ২৬২২/- |
| ৫ বছর | ৩৮.৮২ | ২.৫৯ | ১১.২৮ | মেয়াদান্তে |

| | | | | |
|---|---|---|---|---|
| মেয়াদী বাংলাদেশ সঞ্চয় পত্র | | | | মুনাফা ৫৩,৫৮০/- |
| পেনাশনার সঞ্চয় পত্র | ৭.০৬ | ৫.৫১ | ১১.৭৬ | ৩ মাস পরপর ২৭৯৩/- |
| মোট বিনিয়োগ | ৮৮.২৩ কোট | ৫১.৫৫ কোটি | - | - |

সভাপতি সঞ্চয়পত্রের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জনসাধারণের মাঝে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।

| | | | |
|---|---|---|---|
| ৩৪ | জীবন বীমা কর্পোরেশন, মুন্সীগঞ্জঃ ব্যবস্থাপক, জীবন বীমা কর্পোরেশন সভাপতির মাধ্যমে উপস্থিত সকলকে জীবন বীমা করার অনুরোধ জানান। তিনি আরও জানান, ১লা মার্চ বীমা দিবস উদ্‌যাপিত হয়েছে। সভাপতি বিগত ২০২০-২১ অর্থ বছরে কতগুলো বীমা করা হয়েছে তার বিস্তারিত তথ্য পরবর্তী সভায় উপস্থাপনের অনুরোধ জানান। জীবন বীমা করার ক্ষেত্রে জনগণের মাঝে আগ্রহ সৃষ্টি করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ জানান। এছাড়াও বীমা দিবস সফল করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ১। জীবন বীমা কর্পোরেশনের কার্যক্রম চলমান রাখাসহ সেবার মান বৃদ্ধি করতে হবে।<br>২। বিগত ২০২০-২১ অর্থ বছরে কতগুলো বীমা করা হয়েছে তার বিস্তারিত তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | শাখা ইনচার্জ, জীবন বীমা কর্পোরেশন, মুন্সীগঞ্জ |
| ৩৫ | আমার বাড়ি আমার খামার প্রকল্প, মুন্সীগঞ্জঃ সিনিয়র অফিসার, আমার বাড়ি আমার খামার প্রকল্প, মুন্সীগঞ্জ সভায় জানান, ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ১০৪৪৩.৭৯ লক্ষ টাকা, অর্জিত ৪০৯৯.৮৬ লক্ষ টাকা, হার ৪০%। ঋণ আদায় লক্ষ্যমাত্রা ১০৪৪৩.৭৯ লক্ষ টাকা, অর্জিত ৩৯২৮.৬১, হার ৩৭% জেলায় মোট মেয়াদউত্তীর্ণ ঋণ খেলাপী হার ৩৩%। সভাপতি ''আমার বাড়ি আমার খামার''-প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী সমিতি গঠন ও সদস্য ভর্তি, সঞ্চয় ও আদায় কার্যক্রম জোরদার করার অনুরোধ জানান। | ১। ''আমার বাড়ি আমার খামার''-প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী সমিতি গঠন ও সদস্য ভর্তি, সঞ্চয় ও আদায় কার্যক্রম জোরদার করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ<br>২। সিনিয়র অফিসার, আমার বাড়ি আমার খামার প্রকল্প, মুন্সীগঞ্জ |
| ৩৬ | সমবায় বিভাগঃ জেলা সমবায় অফিসার, মুন্সীগঞ্জ জানান, আশ্রয়ণ প্রকল্পে সমবায় সমিতির সংখ্যা ২২টি, ব্যারাক সংখ্যা ২২৯টি ও পুনর্বাসিত পরিবারের সংখ্যা ১৩৮৫টি। মোট সমবায় সমিতির সংখ্যা ১৯০১ টি। পরিদর্শনকৃত সমবায় সমিতির মোট সংখ্যা ২২৭ টি। ভ্রাম্যমান প্রশিক্ষণের মাধ্যমে ৪০০ জন সমবায়ীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে । একাডেমিক প্রশিক্ষণ ১৩ জন। ২৫ সমবায়ীকে আইজিএ সেলাই এবং ২৫ জন সমবায়ীকে আইজিএ ইলেকট্রিক্যাল প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও তিনি জানান বিগত বছরে লক্ষ্যমাত্রা পূরণ করা হয়েছে। সভাপতি ঋণ বিতরণ, ঋণ আদায় ও পরিদর্শন কার্যক্রম জোরদার করাসহ সমিতির কার্যক্রম ফলপ্রসূ করার অনুরোধ জানান। | ১। ঋণ বিতরণ, ঋণ আদায় ও পরিদর্শন কার্যক্রম জোরদার করাসহ সমিতির কার্যক্রম ফলপ্রসূ করতে হবে। | জেলা সমবায় অফিসার, মুন্সীগঞ্জ |
| ৩৭ | বি.আর.ডি.বিঃ উপ-পরিচালক, বি.আর.ডি.বি, মুন্সীগঞ্জ সভায় জানান, বিআরডিবি'র আওতাধীন ১১টি প্রকল্প ও কর্মসূচীতে মার্চ ২০২২ মাসে ঋণ বিতরণ ১০৯.৪৯ (লক্ষ) টাকা ও ২০২১-২২ অর্থ বছরে বিতরণ ১১১১.০৬ (লক্ষ) টাকা, বিতরণের হার ৭৩% । ফেব্রুয়ারি ২০২২ মাসে ঋণ আদায় ৮০.৯২ (লক্ষ) টাকা ও ২০২১-২২ অর্থ বছরে আদায় ৯৬০.৬৮ (লক্ষ) টাকা। বছরে আদায়ের হার ৫৭% এবং ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৭%। তিনি আরো জানান যে, পিআরডিপি-৩ প্রকল্পে ২০২১-২২ অর্থবছরে ২ টি ভিডিসি স্কীম বাস্তবায়ন হয়েছে এবং ক্রমপুঞ্জিত ভিডিসি স্কীম বাস্তবায়নের পরিমান ১৮৭ টি। স্কীম বাস্তাবায়নের হার ৯৯%। ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে ১২৫ টি ব্যাচ। সভাপতি ঋণ আদায়ে আরো | ১। যাচাই বাছাই করে ঋণ বিতরণ করাসহ খেলাপী ঋণ আদায়ের হার বৃদ্ধি করতে হবে।<br>২। সার্টিফিকেট মামলা হালনাগাদ করাসহ উপজেলা নির্বাহী অফিসারদের সাথে যোগাযোগ করে নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ<br>২। উপ-পরিচালক বিআরডিবি, মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| | তৎপর হওয়ার জন্য এবং সার্টিফিকেট মামলা দ্রুত নিষ্পত্তির বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারদের সাথে যোগাযোগ করে নিষ্পত্তির উদ্যোগ নেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। এছাড়াও উপজেলা ভিত্তিক সার্টিফিকেট মামলার তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করার অনুরোধ জানান। | ৩। উপজেলা ভিত্তিক সার্টিফিকেট মামলার তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | |
| ৩৮ | সমাজসেবা অধিদপ্তরঃ উপ-পরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর, মুন্সীগঞ্জ এর প্রতিনিধি জানান, সামাজিক নিরাপত্তা কর্মসূচি (বিভিন্ন প্রকার ভাতা ও শিক্ষা উপবৃত্তি) বিতরণ করা হয়েছে। বিভিন্ন ক্ষুদ্রঋণ কার্যক্রমে মোট বিনিয়োগ ৬৪২৬৮৮৩৮/- টাকা, আদায়ের পরিমাণ ৫৩৮৮৭৩৪২/- টাকা, আদায়ের হার ৯৫%। সর্বমোট রেজিস্ট্রেশন প্রাপ্ত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা সর্বমোট ৪২৯ টি। প্রবেশন এন্ড আফটার কেয়ার কার্যক্রম ও বিভিন্ন প্রাতিষ্ঠানিক কার্যক্রমসহ অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক। ক্যান্সার, কিডনি,লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড ও জন্মগত হৃদরোগজনিত আর্থিক বরাদ্দ ৭০,০০,০০০/- টাকা। উক্ত বরাদ্দ অনুয়ায়ী ১৪০ জন রোগীর মাঝে অনুদান বিতরণ কার্যক্রম চলমান। এমআইএস এন্ট্রির কাজ শতভাগ সম্পন্ন হয়েছে। সভাপতি সামাজিক নিরাপত্তা কর্মসূচি, ঋণ বিতরণসহ অন্যান্য কার্যক্রমের মাধ্যমে সেবার মান আরও বৃদ্ধি করার অনুরোধ জানান। | ১। সামাজিক নিরাপত্তা কর্মসূচি, ঋণ বিতরণসহ অন্যান্য কার্যক্রমের মাধ্যমে সেবার মান আরও বৃদ্ধি করতে হবে। | ১। উপ-পরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর, মুন্সীগঞ্জ |
| ৩৯ | প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রঃ জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা জানান, মার্চ ২০২২ মাসের নতুন নিবন্ধিত ৫০ জন। সার্ভিস ট্রানজেকশন: ফিজিওথেরাপি ৪০০ জন, অকুপেশনাল থেরাপি ৪০০ জন, দৃষ্টি ০০ জন, স্পীচ এন্ড ল্যাঙ্গুয়েজ থেরাপি ৮০ জন, কাউন্সিলিং ৪০০ জন। সভাপতি নিয়মিত কেন্দ্রে উপস্থিত থেকে প্রতিবন্ধী রোগীদের চিকিৎসা সেবা দক্ষতার সাথে সম্পন্নের ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানান। | ১। নিয়মিত কেন্দ্রে উপস্থিত থেকে প্রতিবন্ধী রোগীদের চিকিৎসা সেবা দক্ষতার সাথে সম্পন্নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, মুন্সীগঞ্জ |
| ৪০ | বাংলাদেশ শিশু একাডেমীঃ জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, মুন্সীগঞ্জ বলেন, শিশু বিকাশ ও প্রাক-প্রাথমিক কর্মসূচি চলমান রয়েছে। সাংস্কৃতিক প্রশিক্ষণ কর্মসূচি চলছে। লাইব্রেরি ভিত্তিক কর্মসূচি চলমান। সভাপতি শিশুর বিকাশ ও প্রাক-প্রাথমিক কার্যক্রম দক্ষতার সাথে সম্পন্ন করার অনুরোধ জানান। | ১। শিশুর বিকাশ ও প্রাক-প্রাথমিক কার্যক্রম দক্ষতার সাথে সম্পন্ন করতে হবে। | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, মুন্সীগঞ্জ |
| ৪১ | যুব উন্নয়ন অধিদপ্তরঃ উপ পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর জানান, মার্চ ২০২২ মাস পর্যন্ত ৫২১ জনকে ১,৪৭,৬৫,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। ৩৫২ জনকে প্রাতিষ্ঠানিক, ৩৬০ জন অপ্রাতিষ্ঠানিক এবং আত্মকর্মসংস্থান সংক্রান্ত ৪০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যুব সংগঠন নিবন্ধিত ৩৩ টি, স্বীকৃত ১৫ টি। সভাপতি মুজিববর্ষ উপলক্ষ্যে এ জেলায় যুব ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ ও স্বাস্থ্য-বিধি মেনে প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি সকলকে অনুরোধ জানান। | ১। মুজিববর্ষ উপলক্ষে এ জেলার জন্য নির্ধারিত সংখ্যক যুবকদের ঋণ বিতরণের তথ্য প্রদান করতে হবে।<br>২। প্রকৃত যুবকদের যাচাই-বাছাই করে পেশা ভিত্তিক স্বাস্থ্য বিধি মেনে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মুন্সীগঞ্জ |
| ৪২ | জেলা ক্রীড়া অফিস, মুন্সীগঞ্জঃ জেলা ক্রীড়া অফিসার, মুন্সীগঞ্জ জানান, গত ২০ মার্চ হতে ২৭ মার্চ ২০২২ তারিখ পর্যন্ত হতে ০৭ দিনব্যাপী বালক ও বালিকাদের সাঁতার প্রশিক্ষণ কর্মসূচি মুন্সীগঞ্জ সদর উপজেলার সুইমিংপুলে অনুষ্ঠিত হয়েছে। এছাড়াও ২৮ মার্চ ২০২২ তারিখ মুন্সীগঞ্জ সদর উপজেলায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উপলক্ষ্যে বালক ও বালিকাদের উন্মুক্ত সাঁতার প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। সভাপতি করোনা পরিস্থিতিতে সরকারি নির্দেশনা মেনে সকল ধরণের ক্রীড়া প্রতিযোগিতা চলমান রাখার অনুরোধ জানান। | ১। করোনা পরিস্থিতিতে সরকারি নির্দেশনা মেনে সকল ধরণের ক্রীড়া প্রতিযোগিতা চলমান রাখতে হবে। | জেলা ক্রীড়া অফিসার, মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ৪৩ | মহিলা বিষয়ক অধিদপ্তরঃ উপ পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ সভায় জানান, মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কর্মসূচির আওতায় মার্চ ২০২২ মাসে ঋণ আদায়ের পরিমাণ ৯৩,৪৫০/- টাকা, অনাদায়ী টাকার পরিমাণ ৬৬,৯৮,২২৩/- টাকা। ভিজিডি কর্মসূচির আওতায় মার্চ ২০২২ মাসে ৯৪০৭ জন উপকারভোগীর মাঝে ২৮২.১৫ টন খাদ্যশস্য বিতরণ সম্পন্ন হয়েছে। এছাড়া ৬৮ টি ইউনিয়নে ৫০ টি জীবন দক্ষতামূলক প্রশিক্ষণ দেয়া হয়েছে। কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প এর আওতায় মুন্সীগঞ্জ জেলায় ৭০টি ক্লাবে প্রতি সপ্তাহে ২টি করে স্বাস্থ্যবিধি মেনে মোট ৬০৬ টি ক্লাস হয়েছে। মা ও শিশু সহায়তা তহবিল কর্মসূচির আওতায় মার্চ ২০২২ মাসের ভাতা বাবদ মুন্সীগঞ্জ সদর ১৫৭৫ জন ভাতাভোগীকে ১২,৬০,০০০ টাকা প্রদান করা হয়েছে এবং মুন্সীগঞ্জ পৌরসভার ৭৪০ জন ভাতাভোগীকে ৫,৯২,০০০ টাকা প্রদান করা হয়েছে। এছাড়াও বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি ভাতা বিতরণ ও প্রশিক্ষণ কার্যক্রমসহ অন্যান্য সকল কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার অনুরোধ জানান। | ১। ভাতা বিতরণ ও প্রশিক্ষণ কার্যক্রমসহ অন্যান্য সকল কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ<br><br>২। উপ পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ |
| ৪৪ | বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক):উপ-ব্যবস্থাপক, বিসিক, মুন্সীগঞ্জ জানান, মার্চ ২০২২ মাসে ২৫ জন শিল্প উদ্যোক্তা নিয়ে শিল্প উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ কোর্স আয়োজন করা হয়েছে। শিল্প উদ্যোক্তা চিহ্নিত করা হয়েছে ০৯ জন। ০১ জনকে ২.০০ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। ১৫ টি শিল্প প্রতিষ্ঠানকে নিবন্ধন প্রদান করা হয়েছে। শিল্পনগরীতে ৮২টি শিল্প প্লটের মধ্যে ৬৫টি শিল্প ইউনিট স্থাপিত হয়েছে। তার মধ্যে ৬৪টি উৎপাদনরত। ০১টি শিল্প কারখানা বাস্তবায়নাধীন । ভূমি উন্নয়ন কর আদায়ের হার ৯৫% সার্ভিস চার্জ আদায়ের হার ৯৩%। অন্যান্য আদায়ের হার ৯৪%।<br>এপিআই শিল্প পার্কঃ গজারিয়া উপজেলার ভবেরচরে ২০০ একর জমির উপর ঔষধ শিল্পের কাঁচামাল উৎপাদনের লক্ষ্যে এপিআই শিল্প পার্ক স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। ইতি মধ্যে প্লট বরাদ্দপত্র প্রদান করা হয়েছে।শিল্প উদ্যোক্তাগন শিল্প স্থাপনের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম শুরু করেছেন।<br>প্লাস্টিক শিল্পনগরীঃ সিরাজদিখান উপজেলার ২য় ধলেশ্বরী সেতুর পশ্চিমপার্শে বড়বর্তা মৌজায় ৫০ একর জমির উপর প্লাস্টিক শিল্পনগরী স্থাপনের নিমিত্তে জমি অধিগ্রহনের কাজ প্রক্রিয়াধীন রয়েছে।<br>ইলেক্ট্রিক গুডস ও হালকা প্রকৌশল শিল্পনগরীঃ জমি অধিগ্রহন পরবর্তীতে টংগীবাড়ী উপজেলার বেতকা মৌজায় ৫০ একর জমির উপর ইলেক্ট্রিক গুডস ও হালকা প্রকৌশল শিল্পনগরী স্থাপনে মাটি ভরাট কাজ শেষ হয়েছে। রোড ও ড্রেনের কাজ চলমান রয়েছে। জুন ২০২২ এর মধ্যে কাজ সমাপ্ত হবে।<br>বিসিক কেমিক্যাল শিল্প পার্কঃ সিরাজদিখান উপজেলার ঢাকা-দোহার মাহাসড়কের পাসে ৩১০ একর ভূমি অধিগ্রহণপূর্বক মাটি ভড়াটের কাজ চলছে।<br>বিসিক মুদ্রণ শিল্প নগরীঃ জমি অধিগ্রহণের প্রস্তাব শিল্পমন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন। এছাড়া,নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে পদ্মা সেতুর পাড়ে ৪০০ একর জমিতে সিংগাপুরের আদলে শিল্প পার্ক স্থাপনের জন্য সিরাজদিখান উপজেলার খারসুর ও মরিচা মৌজায় জমি চিহ্নিত করে সম্ভব্যতা যাচাই কমিটির সুপারিশের আলোকে প্রকল্প প্রস্তাব প্রণয়নের কাজ চলছে।<br>প্রণোদনা প্যাকেজের আওতায় এসএমই ঋণ বিতরণঃ<br>মুন্সীগঞ্জ জেলায় প্রণোদনা প্যাকেজের আওতায় ২০২১-২০২২ অর্থবছরে ৮৪.৯৭ কোটি টাকা বরাদ্দের বিপরীতে ৩১ মার্চ ২০২২ পর্যন্ত ২৫ টি ব্যাংক ৪৮৪ জন উদ্যোক্তাকে ক্রমপুঞ্জীভূত ৬৯.৬৪ কোটি টাকা বিতরণ করেছে। সভাপতি বিসিক কর্তৃক প্লট বরাদ্দের সচ্ছতা বজায় রাখাসহ বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার অনুরোধ জানান। এছাড়াও চলমান প্রকল্পসমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার অনুরোধ জানান। | ১। বিসিক কর্তৃক প্লট বরাদ্দের সচ্ছতা বজায় রাখাসহ বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>২। চলমান প্রকল্পসমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপ-ব্যবস্থাপক, বিসিক, মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ৪৫ | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরঃ উপ-মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, মুন্সীগঞ্জ জানান, মার্চ ২০২২ মাসে সর্বমোট ৮৮ টি কলকারখানা, প্রতিষ্ঠান এবং দোকান পরিদর্শন করা হয়েছে। কলকারখানার লাইসেন্স ৮৯ টি নবায়ন এবং ১০টি নতুন লাইসেন্স ইস্যুর মাধ্যমে ৩৪,৫৫০/- টাকা রাজস্ব আদায় হয়েছে। ০৩ টি উদ্বুদ্ধকরণ সভা করা হয়েছে। সভাপতি শিল্প প্রতিষ্ঠানগুলোতে ইটিপি আছে কিনা সে বিষয়ে পরিবেশ অধিদপ্তরের সাথে সমন্বয়পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। এছাড়াও তিনি উপজেলা নির্বাহী অফিসারগণের সাথে সমন্বয়পূর্বক কলকারখানা পরিদর্শন কার্যক্রম পরিচালনা করার অনুরোধ জানান। | ১। উপজেলা নির্বাহী অফিসারগণের সাথে সমন্বয়পূর্বক কলকারখানা পরিদর্শন কার্যক্রম পরিচালনা করতে হবে।<br>২। শিল্প প্রতিষ্ঠানগুলোতে ইটিপির বিষয়ে পরিবেশ অধিদপ্তরের সাথে সমন্বয়পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১।উপ-মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, মুন্সীগঞ্জ<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ |
| ৪৬ | জনশক্তি ও কর্মসংস্থান অফিসঃ সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, মুন্সীগঞ্জ সভায় বলেন, মার্চ ২০২২ মাসে রেজিস্ট্রেশন ও ফিঙ্গার প্রিন্টের সংখ্যা পুরুষ ১৩১৭ জন, মহিলা ১২৫ জন, রেজিস্ট্রেশন বাবদ প্রাপ্ত টাকার পরিমাণ ২,৮৮,৪০০/-। বিদেশ গমনকারী কর্মীর সংখ্যা পুরুষ ২৪৯১ জন, মহিলা ১৬০ জন। এছাড়াও বিদেশে মৃত্যুবরণকারী কর্মীদের ওয়ারিশগণের মাঝে কল্যাণ তহবিল হতে ১৬ টি পরিবারের মাঝে ৪৮,০০,০০০ টাকা বিতরণ করা হয়েছে। সভাপতি রেজিস্ট্রেশন, ফিঙ্গারপ্রিন্ট, আর্থিক অনুদান সংক্রান্ত বিষয়ে সতর্কতা এবং প্রবাসীদের জন্য সরকার প্রদত্ত বিভিন্ন সুবিধার তথ্য ব্যাপকভাবে প্রচার করাসহ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | ১। রেজিস্ট্রেশন, ফিঙ্গারপ্রিন্ট, আর্থিক অনুদান সংক্রান্ত বিষয়ে সতর্কতা এবং প্রবাসীদের জন্য সরকার প্রদত্ত বিভিন্ন সুবিধার তথ্য ব্যাপকভাবে প্রচার করতে হবে। | সহকারী পরিচালক, জনশক্তি ও কর্মসংস্থান অফিস, মুন্সীগঞ্জ |
| ৪৭ | পাসপোর্ট অধিদপ্তরঃ সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, মুন্সীগঞ্জ সভায় বলেন, মার্চ ২০২২ মাসে ৬৮ জন এমআরপি এবং ৩৭৫০ জন ইপিপি আবেদনকারীর তথ্য এনরোল করা হয়েছে। একই সময়ে ৬৩ জন এমআরপি এবং ৪০১০ জনকে ইপিপি পাসপোর্ট ইস্যু করা হয়েছে। বর্তমানে করোনা ভাইরাস এর সম্ভাব্য সংক্রমণ ও স্বাস্থ্য ঝুঁকি বিবেচনায় এমআরপি এবং ই-পাসপোর্ট এর বায়োমেট্রিক সম্পর্কিত সকল কার্যক্রম স্বাস্থ্য-বিধি মেনে চলমান আছে। পাসপোর্ট অফিস সুন্দর রাখতে প্রচেষ্টা অব্যাহত আছে। সভাপতি পাসপোর্ট অফিস চত্বরে দালালদের দৌরাত্ম্য বন্ধের উদ্যোগ এবং ই-পাসপোর্ট কার্যক্রম স্বাস্থ্য-বিধি মেনে পরিচালনার জন্য অনুরোধ জানান। | ১। পাসপোর্ট প্রদানে সেবার মান বৃদ্ধিসহ পাসপোর্ট অফিস চত্বরে দালালদের দৌরাত্ম্য বন্ধের উদ্যোগ নিতে হবে।<br>২। নির্ধারিত সময়ের মধ্যে পাসপোর্ট সরবরাহ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সহকারী পরিচালক, পাসপোর্ট অধিদপ্তর, মুন্সীগঞ্জ |
| ৪৮ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সঃ উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মুন্সীগঞ্জ সভায় বলেন, মার্চ ২০২২ মাসে ৩৩ টি অগ্নিকান্ড, অগ্নিকান্ডে ক্ষতির পরিমান ৮৯,২১,০০০/- টাকা এবং উদ্ধারের পরিমাণ ৩,২৭,০৫,০০০/- টাকা। নৌ দুর্ঘটনা ০টি, অন্যান্য দুর্ঘটনা ০টি এবং ০৯ টি সড়ক দুর্ঘটনা ঘটে। দুর্ঘটনায় আহতের সংখ্যা ১৫ জন, নিহতের সংখ্যা ০ জন। সভাপতি সবগুলো অফিসে অগ্নি নির্বাপক যন্ত্র আছে কিনা এবং মেয়াদোত্তীর্ণ কিনা পরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার অনুরোধ জানান। | ১। যে কোন দুর্ঘটনায় তড়িৎ গতিতে ব্যবস্থা গ্রহণ করাসহ সকলকে সহযোগিতা করতে হবে।<br>২। মেয়াদসম্পন্ন অগ্নি নির্বাপক যন্ত্র রাখতে হবে এবং নিয়মিত ফায়ার সার্ভিসের মহড়া করতে হবে। | উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মুন্সীগঞ্জ |
| ৪৯ | আনসার ও ভিডিপিঃ জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মুন্সীগঞ্জ জানান, এ জেলার বিভিন্ন উপজেলায় ৬৩ টি (কেপিআই) সংস্থায় সর্বমোট ৫৪৮ জন আনসার সদস্য নিরাপত্তার দায়িত্ব পালন করে আসছে এবং আর্থ সামাজিক উন্নয়ন ও আইন শৃংখলা রক্ষার কার্যক্রম হিসেবে আনসার ও ভিডিপি প্রশিক্ষণ কেন্দ্র রতনপুরে ৬০ জন ভিডিপি সদস্যকে জেলা ভিত্তিক অস্ত্রসহ মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মুন্সীগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালকের নেতৃত্বে মার্চ/২২ মাসে ২৪ জন ব্যাটালিয়ান আনসার সদস্য বাজার তদারকিমূলক কার্যক্রমে অংশগ্রহণ করেছেন। এছাড়াও মহামারি করোনা | ১। কে পি আই ভুক্ত প্রতিষ্ঠানে আনসার সদস্যদের দায়িত্ব পালন অব্যাহত রাখতে হবে। | জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি,মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| | ভাইরাসে জনসচেতনতামূলক কার্যক্রম ও আইন শৃঙ্খলা রক্ষায় নিরলসভাবে কাজ করে যাচ্ছে। আনসার ও ভিডিপি উন্নয়ন ব্যাংক'কে বাণিজ্যিক ব্যাংকে রূপান্তর করার লক্ষ্যে আনসার ও ভিডিপি সদস্য/সদস্যাদের মধ্যে ব্যাংকের শেয়ার বিক্রয়ের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া জঙ্গিবাদ ও সন্ত্রাস নির্মূলে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রয়েছে। সভাপতি কে পি আই ভুক্ত প্রতিষ্ঠানে আনসার সদস্যদের দায়িত্ব পালন অব্যাহত রাখার অনুরোধ জানান। | | |
| ৫০ | জেলা কারাগারঃ জেল সুপার, জেলা কারাগার, মুন্সীগঞ্জ এর প্রতিনিধি সভায় জানান, কারারক্ষী ব্যারাকের উর্ধ্বমূখী সম্প্রসারণের কাজ চলমান রয়েছে। মুন্সীগঞ্জ জেলা কারাগারের প্রবেশ পথের উত্তর পার্শ্বে ড্রেন নির্মাণ কাজ চলমান রয়েছে। সভাপতি কারাগারের অভ্যন্তরে ও বাহিরে নিরাপত্তা জোরদারকরণসহ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানান। | ১। কারাগারের অভ্যন্তরে ও বাহিরে নিরাপত্তা জোরদারকরণসহ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেল সুপার, জেলা কারাগার, মুন্সীগঞ্জ |
| ৫১ | বিআরটিএঃ সহকারী পরিচালক, বিআরটিএ, জানান, আলোচ্য মাসে রেজিঃ ২০ টি, ১৪৫ টি শিক্ষানবীশ ড্রাইভিং লাইসেন্স প্রদান, ৬৫ টি স্মার্ট কার্ড বিতরণ, ১০৬ টি ফিটনেস সার্টিফিকেট প্রদান, ০ টি পারমিট নবায়ন করা হয়েছে। এছাড়াও তিনি জানান, লাইসেন্সবিহীন ও ফিটনেসবিহীন গাড়ি চলাচল বন্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। এছাড়াও তিনি মুন্সীগঞ্জ জেলায় ডোপ টেস্ট করার ব্যবস্থা গ্রহণের জন্য সিভিল সার্জন, মুন্সীগঞ্জ মহোদয়কে অনুরোধ জানান। সভাপতি প্রবাসী সেবা প্রার্থীদের অগ্রাধিকার ভিত্তিতে সেবা প্রদানের অনুরোধ জানান। এছাড়াও উপজেলাওয়ারী শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্স প্রদানে ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানান। | ১। উপজেলায় উপজেলা নির্বাহী অফিসারদের সাথে সমন্বয় করে ক্যাম্পিং করতে হবে।<br>২।উপজেলাওয়ারী শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্স প্রদানে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। প্রবাসী সেবা প্রার্থীদের অগ্রাধিকার ভিত্তিতে সেবা প্রদান করতে হবে। | সহকারী পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, মুন্সীগঞ্জ |
| ৫২ | বিআইডব্লিউটিএঃ বন্দর কর্মকর্তা সভায় জানান, শিমুলিয়া-মাঝিরকান্দি ও শিমুলিয়া-কাঠাদিয়া রুটে লঞ্চ ও ফেরি চলাচল করছে। ফেরি চলাচল স্বাভাবিক রয়েছে। সভাপতি শিমুলিয়া-মাঝিরকান্দি ও শিমুলিয়া-কাঠাদিয়া রুটে লঞ্চ ও ফেরি চলাচল স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। এছাড়াও তিনি মুন্সীগঞ্জ-নারায়নগঞ্জ রুটে লঞ্চ চলাচল স্বাভাবিক ও নিরাপদ রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে অনুরোধ জানান। | ১। শিমুলিয়া-কাঠাদিয়া রুটে ফেরি চলাচল স্বাভাবিক রাখতে হবে।<br>২। মুন্সীগঞ্জ-নারায়নগঞ্জ রুটে লঞ্চ চলাচল স্বাভাবিক ও নিরাপদ রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। বন্দর কর্মকর্তা, বিআইডব্লিউটিএ<br>২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিআইডব্লিটিসি |
| ৫৩ | পাট অধিদপ্তরঃ মূখ্য পরিদর্শক, পাট অধিদপ্তর সভায় জানান, বিবেচ্য মাসে পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন ২০১০ বাস্তবায়নের লক্ষ্যে মুন্সীগঞ্জ সদরে ১ টি মোবাইল কোর্ট পরিচালনা করার মাধ্যমে ২ টি অটো রাইস মিলকে ১০,০০০ টাকা জরিমানা আদায় করা হয়েছে ও লিফলেট বিতরণ করা হয়েছে। সভাপতি আলু সংরক্ষণে প্লাস্টিকের ব্যাগের পরিবর্তে পাটের ব্যাগ ব্যবহার নিশ্চিতে আলু ব্যবসায়ী ও কোল্ড স্টোরেজ মালিকদের সাথে সভার করার অনুরোধ জানান। পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন ২০১০ বাস্তবায়নে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনাসহ সর্বক্ষেত্রে পাটের ব্যবহার চালু করার ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানান। | ১। পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন ২০১০ বাস্তবায়নে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনাসহ সর্বক্ষেত্রে পাটের ব্যবহার চালু করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। আলু সংরক্ষণে প্লাস্টিকের ব্যাগের পরিবর্তে পাটের ব্যাগ ব্যবহার নিশ্চিতে আলু ব্যবসায়ী ও কোল্ড স্টোরেজ মালিকদের সাথে সভা করতে হবে। | ১। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ<br>২। মূখ্য পরিদর্শক, পাট অধিদপ্তর, মুন্সীগঞ্জ |
| ৫৪ | বন বিভাগঃ সহকারী বন সংরক্ষক জানান, ২০২১-২২ অর্থ বছরে জনগণের মাঝে সরকারি মূল্যে বিক্রয়ের জন্য ১,২০,০০০ টি চারা উত্তোলনের বাজেট পাওয়া গিয়েছে। কাজের অগ্রগতি ১০০%। আগামী বর্ষা মৌসুমে চারা লাগানোর উপযুক্ত | ১। মুজিববর্ষ উপলক্ষ্যে বরাদ্দকৃত চারা সঠিকভাবে বিতরণ এবং রোপণের ব্যবস্থা | ১। সহকারী বন সংরক্ষক, মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| | সময়ে জনসাধারণের মাঝে সরকারি মূল্যে উক্ত চারা বিক্রয় করা হবে। ২০২১-২২ অথ বছরে মুন্সীগঞ্জ জেলায় বন অধিদপ্তর কর্তৃক ২০ কি.মি. সড়কের পাশে সামাজিক বনায়ন কর্মসূচির আওতায় বৃক্ষ রোপন কর্মসূচি গ্রহণ করা হইবে। সভাপতি শতবর্ষী গাছ কাটার পূর্বে পরিবেশগত গুরুত্ব ও ঐতিহাসিক প্রেক্ষাপট বিবেচনা করার অনুরোধ জানান। | করতে হবে।<br>২। শতবর্ষী গাছ কাটার পূর্বে পরিবেশগত গুরুত্ব ও ঐতিহাসিক প্রেক্ষাপট বিবেচনা করতে হবে। | ২। জি.এম, পল্লী বিদ্যুৎ সমিতি, মুন্সীগঞ্জ |
| ৫৫ | পরিসংখ্যান বিভাগঃ উপ-পরিচালক, জেলা পরিসংখ্যান কর্মকর্তা, মুন্সীগঞ্জ বলেন, মার্চ ২০২২ মাসে মুন্সীগঞ্জ সদর ও ধলাগাঁও বাজার হতে CPI (Consumer Price Index) এর জন্য সংগৃহীত তথ্য-উপাত্ত বিবিএস সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে। পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ প্রকল্পের 'পরিবেশ সংরক্ষণ ব্যয়, সম্পদ এবং বর্জ্য ব্যবস্থাপনা (সিটি কর্পোরেশন ও পৌরসভা) এবং পরিবেশগত গবেষণা ও উন্নয়ন ২০২১ শীর্ষক জরিপ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও শ্রম শক্তি ও শিশু শ্রম জরিপ কার্যক্রম চলমান রয়েছে। ইন্ডাস্ট্রিএন্ড লেবার উইং কর্তৃক বাস্তবায়নাধীন "কারুশিল্পজাত পণ্য জরিপ ২০২২" কার্যক্রমের লিস্টিং অপারেশন চলমান। সভাপতি সকল ধরণের শুমারী কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার অনুরোধ জানান। | ১। সকল ধরণের শুমারী কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করতে হবে। | উপ-পরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, মুন্সীগঞ্জ |
| ৫৬ | জেলা তথ্য অফিসঃ জেলা তথ্য অফিসার, মুন্সীগঞ্জ জানান, আলোচ্য মাসে করোনা ভাইরাস সংক্রান্ত সচেতনতামূলক প্রচার ও ভ্যাকসিন গ্রহন সংক্রান্ত সরকারের নির্দেশনা প্রচার ৩০ টি, এপিএ এর আওতায় ২৯ টি চলচ্চিত্র/প্রমাণ্যচিত্র প্রদর্শন করা হয়। সচিত্র বাংলাদেশ, নবরুণ ৬৫০ কপি, বিভিন্ন জাতীয় দিবসের ১৭০০০ কপি পোস্টার বিতরণ ও স্থাপন। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সভাপতি বলেন করোনার প্রাদুর্ভাবের কারণে স্বাস্থ্য-বিধি মেনে চলার জন্য জনসচেতনামূলক মাইকিং অব্যাহত রাখতে হবে। সরকারের উন্নয়নমূলক কার্যক্রমগুলো অধিক প্রচার-প্রচারণা করার ব্যবস্থা করতে হবে। | ১। সরকারের নির্দেশনা যথাযথভাবে প্রচারের ব্যবস্থাসহ করোনার প্রাদুর্ভাব মোকাবেলায় সরকারি নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে প্রচার ও প্রচারণা চালাতে হবে।<br>২। সরকারের উন্নয়নমূলক কার্যক্রমগুলো অধিক প্রচার-প্রচারণা করতে হবে। | ১। জেলা তথ্য অফিসার, মুন্সীগঞ্জ<br>২। দপ্তর প্রধান, জেলা কার্যালয় (সকল বিভাগ), মুন্সীগঞ্জ |
| ৫৭ | পরিবেশ অধিদপ্তরঃ উপ-পরিচালক, পরিবেশ অধিদপ্তর, মুন্সীগঞ্জ জানান, মার্চ ২০২২ মাসে বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে পরিবেশগত ছাড়পত্র প্রাপ্তির জন্য ০৫ টি আবেদন দাখিল করা হয়। ০১ টি ছাড়পত্র প্রদান করা হয়েছে। পরিবেশগত ছাড়পত্র নবায়নের জন্য প্রাপ্ত আবেদন ১৯ টি, বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে ছাড়পত্র নবায়ন ৯ টি। ছাড়পত্রবিহীন/নবায়নবিহীন প্রতিষ্ঠানে নোটিশ প্রদান ৪ টি। আলোচ্য মাসে রাজস্ব আদায় হয়েছে ১১,৯৮,৯৭৫/- টাকা। শিল্প প্রতিষ্ঠানে জরিমানার পরিমাণ ৫১,২৯,০০০/-। ৮টি ইটভাটায় ২৯ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। এছাড়াও তিনি জানান, ২২ টি শিল্পকারখানায় ইটিপি চালু করা হয়েছে। সভাপতি পরিবেশের ভারসাম্য বিনষ্টকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্ট-এর মাধ্যমে আইনগত ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানান। | ১।পরিবেশের ভারসাম্য বিনষ্টকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্ট-এর মাধ্যমে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। নদীতে সুয়ারেজ লাইন সংযোগ প্রদানকারী কল-কারখানার বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। কলকারখানাসমূহে সার্বক্ষনিক ইটিপি চালু রাখা নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ<br>২। উপ-পরিচালক, পরিবেশ অধিদপ্তর, মুন্সীগঞ্জ |
| ৫৮ | পল্লী বিদ্যুৎ সমিতি, মুন্সীগঞ্জঃ জি.এম, পল্লী বিদ্যুৎ সমিতি জানান, মার্চ ২০২২ মাস পর্যন্ত মোট গ্রাহক সংখ্যা ৪,৬০,৪৮২ জন, মোট রেভিনিউ ৩৩,৪৫,৭৬,৯০৫.৬০ টাকা এবং আদায় ১১৬.৪৮%। বকেয়া বিদ্যুৎ বিলের জন্য এ পর্যন্ত ৬৬০টি সিআর মামলা দায়ের করা হয়েছে। তন্মধ্যে ৫২৭টি নিষ্পত্তি হয়েছে এবং ১৩৩টি চলমান। এ জেলায় বিভিন্ন প্রতিষ্ঠানে সর্বমোট ৪১,৫৯,২৫৩/- | ১। বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বিদ্যুৎ বিলে কোন অসামঞ্জস্যতা থাকলে সেটি | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ<br>২। জি এম,পল্লী |

| | | | |
|---|---|---|---|
| | টাকা বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। রাস্তার উপর থেকে পোল স্থানান্তর ০৯ টি, ঝুঁকিযুক্ত লাইন ঝুঁকিমুক্তকরণ ২৩ টি স্পটে। এ জেলায় শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন হয়েছে। এছাড়াও তিনি জানান, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সারাদেশে শতভাগ বিদ্যুতায়ন এর উদ্বোধন করা হবে। সভাপতি মুজিববর্ষ উপলক্ষ্যে নির্মিত ঘর গুলোতে বিদ্যুৎ সংযোগ নিশ্চিত করার অনুরোধ জানান। বিদ্যুতিক লাইনের ত্রুটির জন্য যাতে কোন দুর্ঘটনা না ঘটে সেজন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার অনুরোধ জানান। এছাড়াও কাল বৈশাখী ঝড়ে বৈদ্যুতিক দুর্ঘটনা রোধে পূর্ব হতেই প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান। | দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>২। মুজিববর্ষ উপলক্ষ্যে নির্মিত ঘর গুলোতে বিদ্যুৎ সংযোগ নিশ্চিত করতে হবে।<br>৩। বিদ্যুতিক লাইনের ত্রুটির জন্য যাতে কোন দুর্ঘটনা না ঘটে সেজন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | বিদ্যুৎ সমিতি, মুন্সীগঞ্জ |
| ৫৯ | তিতাস গ্যাসঃ ব্যবস্থাপক, তিতাস গ্যাস সভায় জানান, তিতাস গ্যাস টি এন্ড ডি কোং লি. এর পরিকল্পনা ও অপারেশন ডিভিশনের সূত্রে জানা যায় যে, কোম্পানীতে গ্যাসের প্রকৃত চাহিদার ২৩৪৬ MMCED (Million Cubic Feet per Day) এর বিপরীতে সরবরাহ ১৮০০ MMCFD প্রকৃত ৫০৮৪ MMCTD পাওয়ার গ্রীড ও অর্থনৈতিক অঞ্চলের জন্য আগামী ৩ হতে ৫ বছরের মধ্যে প্রায় ১২৭৭ MMCD গ্যাসের প্রয়োজন হবে। তাছাড়া মুন্সীগঞ্জ এলাকা গ্যাস পাইপ লাইন নেটওয়ার্কের শেষ প্রান্তে অবস্থিত থাকায় জাতীয় গ্রীডে এলএনজি সংযুক্ত হওয়ার পর কিছুটা উন্নতি হয়েছে। গ্যাস উত্তোলন ও এলএনজি সরবরাহ পুরো মাত্রায় শুরু হলে আশা করা যায় মুন্সীগঞ্জ অঞ্চলে গ্যাসের সরবরাহ ও চাপ উন্নতি হবে। মুন্সীগঞ্জ এলাকার শিল্প-২২ টি, ক্যাপটিভ পাওয়ার-১১ টি বানিজ্যিক-২৯ টি, আবাসিক মিটারযুক্ত-৪৪ টি এবং আবাসিক মিটার বিহীন-১৩৭১৬ টি বৈধ চালু গ্রাহকের গ্যাস সংযোগ রয়েছে। সভাপতি গ্যাস লিকেজের কারণে যাতে অগ্নি দুর্ঘটনা না ঘটে সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। এছাড়াও অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানান। | ১। আবাসিক এলাকায় নিরবিচ্ছিন্ন গ্যাস সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। গ্যাস লিকেজের কারণে যাতে অগ্নি দুর্ঘটনা না ঘটে সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ম্যানেজার তিতাস গ্যাস, মুন্সীগঞ্জ |
| ৬০ | টেলিকম(বিটিসিএল): সহকারী ব্যবস্থাপক, বিটিসিএল, মুন্সীগঞ্জ জানান, মার্চ ২০২২ মাসে ৫ টি নতুন সংযোগ প্রদান, ২৫০ মিঃ ড্রপওয়্যার সংযোগ প্রদান, ৩ টি Asymmetric Digital Subscriber Line ইন্টারনেট সংযোগ প্রদান, ১ টি সেট প্রদান করা হয়েছে। এছাড়া বিভিন্ন ক্যাবল লাইন ক্ষতিগ্রস্থ হওয়ায় তা মেরামত করা হয়। সকল সরকারি দপ্তরে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে। সভাপতি নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | ১। নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী ব্যবস্থাপক টেলিকম (বিটিসিএল) মুন্সীগঞ্জ |
| ৬১ | জেলা শিল্পকলা একাডেমীঃ জেলা কালচারাল অফিসার, মুন্সীগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। | ১। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | জেলা কালচারাল অফিসার, মুন্সীগঞ্জ |
| ৬২ | জেলা নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ: জেলা নিরাপদ খাদ্য অফিসার, মুন্সীগঞ্জ জানান, এ জেলায় ১৭ টি খাদ্য স্থাপনা ও হোটেল রেঁস্তোরা পরিদর্শন করে চেকলিস্ট প্রস্তুত করা হয়েছে। এছাড়াও স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি খাদ্যে ভেজাল মিশ্রণের ব্যাপারে সর্তক থাকার জন্য অনুরোধ করেন এবং হোটেল রেস্টুরেন্টসমূহ পরিদর্শন বাড়ানোসহ প্রযোজ্য ক্ষেত্রে নিরাপদ খাদ্য আইন ২০১৩ প্রয়োগের নির্দেশনা প্রদান করেন। | ১। হোটেল রেস্টুরেন্ট এ নিয়মিত অভিযান অব্যাহত রাখতে হবে। | ১। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ<br>২। জেলা নিরাপদ খাদ্য অফিসার, মুন্সীগঞ্জ |
| ৬৩ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, মুন্সীগঞ্জঃ প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, মুন্সীগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। | ১। জেলা পর্যায়ের অফিস সমূহের ওয়েবসাইট হালনাগাদ করতে হবে।<br>২। শেখ রাসেল স্কুল অব ফিউচার স্থাপনের তথ্যাদি প্রেরণ করতে হবে।<br>৩। জেলা পর্যায়ে ই-নথি | ১। প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| | | কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | |
| ৬৪ | <u>ডিজিটাল প্রযুক্তির সার্বজনীন ব্যবহারঃ</u> গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডিজিটাল বাংলাদেশ-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে সারা দেশব্যাপী গৃহীত কার্যক্রমের ধারাবাহিকতা এ জেলায় বজায় রাখা হয়েছে। এছাড়া ডিজিটাল প্রযুক্তি খাতকে সেবা নির্ভর প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে হবে। জ্ঞানভিত্তিক ডিজিটাল সমাজ প্রতিষ্ঠায় ডিজিটাল প্রযুক্তি এবং তরুণ জনগোষ্ঠীর মধ্যে সেতুবন্ধন স্থাপনের জন্য সংশ্লিষ্ট সকলকে কার্যকর কর্মসূচি গ্রহণ করতে অনুরোধ করা হয়। সভাপতি বলেন জেলার সকল সরকারি দপ্তরে ই-নথির ব্যবহার বৃদ্ধি করতে হবে। | ১। দপ্তর প্রধানগণ ই-নথির মাধ্যমে কার্যক্রম পরিচালনা করবেন।<br>২। স্ব স্ব বিভাগের ওয়েবসাইট হালনাগাদ করবেন। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), মুন্সীগঞ্জ<br>২। সকল দপ্তর প্রধান, মুন্সীগঞ্জ |
| ৬৫ | <u>মুজিববর্ষ উদযাপনঃ</u> মুন্সীগঞ্জ জেলায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে ব্যাপক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে কেন্দ্রীয় কর্মসূচি এবং স্ব স্ব মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য সকলকে অনুরোধ করা হয়। মুজিববর্ষ উপলক্ষ্যে এ জেলায় ৮৩৩ টি ঘর নির্মাণের জন্য বরাদ্দ পাওয়া গেছে। নির্মাণ কাজ চলমান। মুজিববর্ষ উপলক্ষে সকল বিভাগের গৃহীত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের জন্য সভায় অনুরোধ করা হয়। | ১। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে সরকারি নির্দেশনা অনুযায়ী সকলকে একসাথে কাজ করতে হবে।<br>২। মুজিববর্ষ উপলক্ষ্যে এ জেলার সকল দপ্তরের গৃহীত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন এ কার্যালয়ে যথাসময়ে প্রেরণ করতে হবে। | ১। সকল দপ্তর প্রধান, জেলা ও উপজেলা পর্যায় এবং সংশ্লিষ্ট সকল শ্রেণী পেশার ব্যক্তিবর্গ<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ |

০২. অতিরিক্ত পুলিশ সুপার, মুন্সীগঞ্জ বলেন, সরকারের উন্নয়নমূলক কার্যক্রম কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান দ্বারা বাধাগ্রস্ত হলে উক্ত বিষয়ে তিনি সর্বোচ্চ সহযোগিতা প্রদান করবেন মর্মে আশ্বাস ব্যক্ত করেন।

০৩. সভাপতি স্বাস্থ্য-বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা ও সরকারের উন্নয়নমূলক কার্যক্রমের গতি বৃদ্ধি করার অনুরোধ জানান। এছাড়াও তিনি নিম্নরূপ নির্দেশনা প্রদান করেন।

ক) সকল দপ্তরের কার্যক্রম ই-নথির মাধ্যমে সম্পাদন করতে হবে।

খ) সকল দপ্তরের ওয়েবসাইট হালনাগাদ করতে হবে।

গ) স্ব স্ব দপ্তর প্রধান সঠিক ও নির্ভুলভাবে পত্রাদি/কার্যবিবরণী প্রেরণ করা নিশ্চিত করবেন।

০৪. পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৪/২২


কাজী নাহিদ রসুল
জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ
ও
সভাপতি
জেলা উন্নয়ন সমন্বয় কমিটি
ফোনঃ ০২-৯৯৭৭৩১১১০০
e-mail: dcmunshiganj@mopa.gov.bd

স্মারক নং-০৫.৩০.৫৯০০.২০৪.১১.০০১.১৯-২১২(৯০)

তারিখ: ১৫বৈশাখ ১৪২৯ / ২৮এপ্রিল ২০২২

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

৭। চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন, ঢাকা।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। ..........................................................................,মুন্সীগঞ্জ

২। অফিস কপি

28.04.2022


মোঃ আব্দুল কাদির মিয়া
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মুন্সীগঞ্জ
ও
সদস্য-সচিব
জেলা উন্নয়ন সমন্বয় কমিটি
ফোনঃ ০২-৭৬১১১০২
e-mail: adcgeneralmunshiganj@gmail.com